রিসেন্ট পাবলিকেশন্স-এর পক্ষ থেকে ৪১তম (২৮ পৃষ্ঠা) এবং ৪২তম-বিশেষ (১৪পৃষ্ঠা) বিসিএস-এর পূর্ণাঙ্গ সমাধান দেওয়া হলো

৪১ তম বিসিএস

তারিখঃ ১৯.০৩.২০২১; সময়ঃ ৩০ মিনিট; পূর্ণমাণঃ ১০০

01. আন্তর্জাতিক বিচার আদালত রোহিঙ্গা গণহত্যা বিষয়ক অন্তর্বর্তীকালীন রায়ে মিয়ানমারকে কয়টি নির্দিষ্ট ব্যবস্থা গ্রহণের কথা বলেছে?

a) ৩টি b) ২টি
c) ৫টি d) ৪টি ***ans.* D**

Solution: আন্তর্জাতিক বিচার আদালত রোহিঙ্গা গণহত্যা বিষয়ক অন্তর্বর্তীকালীন রায়ে মিয়ানমারকে ৪টি নির্দিষ্ট ব্যবস্থা গ্রহণের কথা বলেছে। এগুলো হলোঃ

০১. রাখাইনে বসবাসরত সাড়ে ছয়লাখ রোহিঙ্গা মুসলিমকে সুরক্ষা প্রদান করতে হবে।

০২. মিয়ানমার সেনাবাহিনীর লাগাম টেনে ধরতে হবে।

০৩. রোহিঙ্গা গণহত্যা সংক্রান্ত সকল তথ্য সংরক্ষণ করতে হবে।

০৪. রোহিঙ্গাদের সুরক্ষায় কি ধরনের ব্যবস্থা নেওয়া হয়েছে প্রতি ৬ মাস অন্তর অন্তর সেই সংক্রান্ত প্রতিবেদনগুলো ICJ (International Court of Justice) এ জমা দিতে হবে।

02. কোন দুটি দেশের মধ্যে সীমান্ত বিরোধ নিস্পত্তির জন্য ২০১৯ সালে নোবেল শান্তি পুরস্কার দেয়া হয়?

a) ক্যামেরুন এবং ইথিওপিয়া
b) পেরু এবং ভেনেজুয়েলা
c) ইথিওপিয়া এবং ইরিত্রিয়া
d) মালি এবং সেনেগাল ***ans.* C**

Solution: ইথিওপিয়া এবং ইরিত্রিয়া দুটি দেশের মধ্যে সীমান্ত বিরোধ নিস্পত্তির জন্য ২০১৯ সালে নোবেল শান্তি পুরস্কার দেয়া হয় ইথিওপিয়ার প্রধানমন্ত্রী 'আবি আহমেদ আলী' কে। উল্লেখ্য, আবি আহমেদ আলী প্রতিবেশি দেশ ইরিত্রিয়ার সঙ্গে নিজদেশের দ্বন্দ্বের অবসানে ভূমিকা রাখার জন্য তাঁকে এ পুরস্কারে ভূষিত করা হয়।

03. ব্রিটিশ ভারতের রাজধানী কলকাতা থেকে দিল্লীতে স্থানান্তরিত হয় কত সালে?

a) ১৯১২ সালে b) ১৯১৩ সালে
c) ১৯১৪ সালে d) ১৯১৫ সালে ***ans.* A**

Solution: ব্রিটিশ ভারতের রাজধানী কলকাতা থেকে দিল্লীতে স্থানান্তরিত হয় ১৯১২ সালে। আর কলকাতা থেকে বর্তমান রাজধানী দিল্লীকে রাজধানী হিসেবে ঘোষণা দেন রাজা পঞ্চম জর্জ। তিনি ১৯১২ সালে দিল্লিতে সেক্রেটারিয়েট ভবনে এর আনুষ্ঠানিক উদ্ভদনের মাধ্যমে ১৯১২ সালে দিল্লী হিসেবে কার্যক্রম শুরু করে।

04. আন্তর্জাতিক মুদ্রা তহবিল কোন সালে গঠিত হয়?

a) ১৯৪৪ সালে b) ১৯৪৫ সালে
c) ১৯৪৮ সালে d) ১৯৪৯ সালে ***ans.* B**

Solution: IMF এর পূর্ণরূপ হলো International Monetary Fund. এটি ১-২২ জুলাই ১৯৪৪ যুক্তরাষ্ট্রের নিউ হ্যাম্পশায়ারের ব্রেটন উডসের মাউন্ট ওয়াশিংটন হোটেলে অনুষ্ঠিত ৪৫টি দেশের প্রতিনিধিদের অংশগ্রহণে গৃহীত চুক্তির মাধ্যমে আন্তর্জাতিক মুদ্রা তহবিল বা IMF প্রতিষ্ঠিত হয়। এই চুক্তিটি আনুষ্ঠানিকভাবে কার্যকর হয় ২৭ ডিসেম্বর ১৯৪৫ সালে।

05. জাতিসংঘের কোন সংস্থাটি করোনা ভাইরাসকে 'Pandemic' ঘোষণা করেছে?

a) ECOSOC b) FAO
c) WHO d) HRC ***ans.* C**

Solution: করোনা ভাইরাসকে ২০২০ সালের ১১ মার্চ বিশ্ব স্বাস্থ্য সংস্থা (WHO) 'প্যানডেমিক' হিসেবে ঘোষণা করে। উল্লেখ্য, যে রোগ একই সময়ে বিভিন্ন দেশে দ্রুতগতিতে ছড়িয়ে পড়ে তাকে Pandemic বলে।

06. যুক্তরাষ্ট্রের রাষ্ট্রপতি নির্বাচনে ডেমোক্রেটিক দলের মনোয়নের জন্য ন্যূনতম কতজন ডেলিগেটের সমর্থন প্রয়োজন?

a) ২৫০০ b) ১৯৯১
c) ১৯৫০ d) ১৮৯০ ***ans.* B**

Solution: মার্কিন যুক্তরাষ্ট্রের ৪৬তম প্রেসিডেন্ট নির্বাচন অনুষ্ঠিত হয় ২০২০ সালের ৩ নভেম্বর। এই নির্বাচনে রিপাবলিকান প্রেসিডেন্ট ট্রাম্পের বিরুদ্ধে জিতেছেন। ডেমোক্র্যাট জো বাইডেন। এই নির্বাচনে 'সুপার টুইসডে'র ফলাফলে এগিয়ে গিয়েছেন বাইডেন। ট্রাম্পের প্রতিদ্বন্দ্বী হিসেবে জয় পেতে হলে বার্ণি বা বাইডেনের পেতে হতো ১৯৯১ ডেলিগেটের সমর্থন।

07. ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল কোন দেশ ভিত্তিক আন্তর্জাতিক সংস্থা?

a) সুইডেন b) মার্কিন যুক্তরাষ্ট্র
c) যুক্তরাজ্য d) জার্মানি ***ans.* D**

Solution: ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল জার্মানির বার্লিনভিত্তিক দুর্নীতিবিরোধী একটি বেসরকারি আন্তর্জাতিক সংস্থা। এই সংস্থাটি ১৯৯৩ সালে প্রতিষ্ঠিত হয়। আর ১৯৯৬ সাল থেকে ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশে (TIB) কার্যক্রম শুরু করে।

08. সামরিক ভাষায় 'WMD' অর্থ কী?

a) Weapons of Mass Destruction
b) Worldwide Mass Destruction
c) Weapons for Massive Destruction
d) Weapons of Missile Defence ***ans.* A**

Recent Publication

VisionApps10

Solution: সংখ্যার পরিমাপে বিপুল সংখ্যক জনগণ ও জনবসতি ধ্বংসের জন্য এক ধরনের পারমানবিক ও রাসায়নিক অস্ত্রকে Weapons of Mass Destruction বলে। প্রথম ১৯৩৭ সালে Cosmo Gordon Lang এই WMD পরিভাষাটি ব্যবহার করেন।

***09.* ২০২০ প্রকাশিত 'আইনের শাসন' সূচকে শীর্ষস্থান অর্জনকারী দেশের নাম কী?**

a) ডেনমার্ক　　b) নরওয়ে
c) জার্মানি　　d) সিঙ্গাপুর　　***ans.* A**

Solution: ১১ মার্চ ২০২০ সালে যুক্তরাষ্ট্রভিত্তিক আন্তর্জাতিক সংস্থা 'বৈশ্বিক আইনের শাসন' বা 'The World Justice Project' (WJP) সূচকের প্রতিবেদন অনুযায়ী শীর্ষ দেশ 'ডেনমার্ক' আর সর্বনিম্ন দেশ 'ভেনিজুয়েলা'। আর সর্কভুক্ত দেশের অবস্থান যথাক্রমেঃ ৬১তম নেপাল; ৬৬তম শ্রীলংকা; ৬৯তম ভারত; ১১৫তম বাংলাদেশ; ১২০তম পাকিস্তান এবং ১২২তম আফগানিস্তান। আইনের শাসন বিষয়ক মোট ৮টি সূচকের ভিত্তিতে জরিপ করা হয়। সূচকগুলো হলোঃ সরকারি ক্ষমাত সীমাবদ্ধতা, দুর্নীতির অনুপস্থিতি, উন্মুক্ত সরকার; মৌলিক অধিকার; নিয়ম ও নিরাপত্তা; নিয়ন্ত্রণমূলক ক্ষমতার প্রয়োগ; নাগরিক ন্যায়বিচার ও ফৌজদারি বিচার। এবার বিশ্বের ১২৮টি দেশ নিয়ে প্রতিবেদনটি প্রকাশ করা হয়।

***10.* ইনকা সভ্যতা কোন অঞ্চলে বিরাজমান ছিল?**

a) দক্ষিণ আমেরিকা　　b) আফ্রিকা
c) মধ্যপ্রাচ্য　　d) ইউরোপ　　***ans.* A**

Solution: ইনকা সভ্যতা দক্ষিণ আমেরিকা মহাদেশের প্রাচীন পেরুতে গড়ে উঠেছিল। ১৪০০ থেকে ১৫৩৩ খ্রিস্টাব্দের মধ্যে ইনকারা তাদের সাম্রাজ্য দক্ষিণ আমেরিকার একটি বিস্তৃত অংশজুড়ে (উত্তরের কুইটো থেকে দক্ষিণের সান্তিয়াগো পর্যন্ত) প্রসারিত করেছিল। দক্ষিণ আমেরিকায় দেখা সবচেয়ে বড় সাম্রাজ্য ছিল এটি এবং তৎকালীন বিশ্বের বৃহত্তম সভ্যতা হিসেবে পরিচিত পেয়েছিলো ইনকারা। কঠোর অ্যান্ডিয়ান পরিবেশের দ্বারা নিয়ন্ত্রিত ইনকারা, সমভূমি, পাহাড়, মরুভূমি এবং গ্রীষ্মমণ্ডলীয় জঙ্গলের মতো বিভিন্ন পরিবেশে নিজেদেরকে বেশ ভালো ভাবেই খাপ খাইয়ে নিতে পেরেছিল। তারা তাদের অনন্য শিল্প ও স্থাপত্যশৈলীর জন্য বিখ্যাত ছিল। যুদ্ধে তারা যেখানেই জয়লাভ করতো, সেখানেই তারা নিখুঁতভাবে স্থাপত্য নির্মাণ করেছিল।

***11.* নিচের কোন দেশটিতে রাশিয়ার সামরিক ঘাঁটির সুবিধা বিদ্যমান?**

a) কিউবা　　b) ভিয়েতনাম
c) উজবেকিস্তান　　d) সোমালিয়া　　***ans.* C**

Solution: রাশিয়ার সামরিক ঘাঁটির সুবিধা বিদ্যমান উজবেকিস্তানে। ২০০২ সাল পর্যন্ত কিউবা ও ভিয়েতনামে রুশ সামরিক ঘাঁটি ছিলো। ১৪ নভেম্বর, ২০০৫ সালে রাশিয়ার রাজধানী মস্কোতে অনুষ্ঠিত রাশিয়া ও উজবেকিস্তানের মধ্যে একটি সামরিক সহযোগিতা চুক্তি স্বাক্ষরিত হয়। এ চুক্তির মধ্য দিয়ে রাশিয়া উজবেকিস্তানে সামরিক ঘাঁটির সুবিধা পায়।

***12.* ফিনল্যান্ড কোন দেশের উপনিবেশ ছিল?**

a) রাশিয়া　　b) ডেনমার্ক
c) সুইডেন　　d) ইংল্যান্ড　　***ans.* A**

Solution: সুইডেনের উপনিবেশ হলো নরওয়ে। ডেনমার্কের কাছ থেকে আইসল্যান্ড স্বাধীনতা লাভ করে। ক্যারাবিয়ান দেশগুলো ব্রিটেনের উপনিবেশ ছিল, তবে হাইতে ছিল ফ্রান্সের উপনিবেশ। ইউরোপে ব্রিটেনের একমাত্র উপনিবেশ ছিল মাল্টা।

***13.* এশিয়াকে আফ্রিকা মহাদেশ থেকে পৃথক করেছে কোন প্রণালী?**

a) জিব্রাল্টার প্রণালী　　b) বসফরাস প্রণালী
c) বাবেল মান্দেব প্রণালী　　d) বেরিং প্রণালী　　***ans.* C**

Solution: এশিয়াকে আফ্রিকা মহাদেশ থেকে পৃথক করেছে বাবেল মান্দেব প্রণালী আর সংযুক্ত করেছে এডেন সাগর-লোহিত সাগর।

নাম	পৃথক করেছে	সংযুক্ত করেছে
জিব্রাল্টার প্রণালী	আফ্রিকা-ইউরোপ	উত্তর আটলান্টিক-ভূমধ্যসাগর
বসফরাস প্রণালী	এশিয়া-ইউরোপ	মর্মর সাগর-কৃষ্ণ সাগর
বেরিং প্রণালী	এশিয়া-উত্তর আমেরিকা	চুপচি সাগর-বেরিং সাগর

***14.* জাতিসংঘের কোন সংস্থা বার্ষিক বিশ্ব বিনিয়োগ প্রতিবেদন প্রকাশ করে?**

a) WTO　　b) MIGA
c) World Bank　　d) UNCTAD　　***ans.* D**

Solution: UNCTAD হলো United Nations Conference on Trade and Development এটি হলো জাতিসংঘের বাণিজ্য ও উন্নয়ন বিষয়ক সংস্থা। সংস্থাটি প্রতি বছর জুন মাসে সারা বিশ্বের FDI (Foreign Direct Investment সরাসরি বৈদেশিক বিনিয়োগ) প্রবাহ নিয়ে প্রতিবেদন প্রকাশ করে।

***15.* আন্তর্জাতিক আদলতে মিয়ানমার কর্তৃক রোহিঙ্গা গণহত্যার অভিযোগে মামলা করে কোন দেশ?**

a) নাইজেরিয়া　　b) গাম্বিয়া
c) বাংলাদেশ　　d) আলজেরিয়া　　***ans.* B**

Solution: জাতিসংঘের সর্বোচ্চ বিচারিক সংস্থা ইন্টারন্যাশনাল কোর্ট অফ জাস্টিস বা আন্তর্জাতিক বিচার আদালতে মিয়ানমারের রোহিঙ্গা নির্যাতন নিয়ে মামলা করেন গাম্বিয়ার অ্যাটর্নি জেনারেল ও বিচারমন্ত্রী আবু বকর মারি তামবাদু।

Recent Publication

16. কোন বিদেশি রাষ্ট্র বাংলাকে অন্যতম রাষ্ট্রভাষার মর্যাদা দিয়েছে?

a) রুয়ান্ডা b) সিয়েরালিওন
c) সুদান d) লাইবেরিয়া ***ans. B***

Solution: ভৌগলিক বা সাংস্কৃতি উভয় ক্ষেত্রে বাংলাদেশ থেকে সম্পূর্ণ ভিন্ন সিয়েরালিওন। কিন্তু এ দুই দেশের সম্পর্ক এতটাই গভীর ও আন্তরিক যে, এ দেশের ভাষাকে নিজেদের করে নিয়েছে আফ্রিকার এই দেশটি। ১৯৯১-২০০২ সাল পর্যন্ত দেশটি বিধ্বস্ত হয়েছে গৃহযুদ্ধে অভিশাপে। সেই সময়টাতে সিয়েরালিওনে শান্তি ফেরাতে বিপুল পরিমাণ শান্তি বাহিনী নিয়োগ করে জাতিসংঘ। তাদের বড় একটি অংশজুড়ে ছিল বাংলাদেশ সেনাবাহিনীর সদস্যরা। এ দেশের সেনারা সিয়েরালিওনের বিদ্রোহীদের সঙ্গে যুদ্ধ করেছেন। দেশটিতে শান্তি ফেরাতে রেখেছেন ব্যাপক ভূমিকা। বিদ্রোহীদের দখলকৃত অঞ্চলগুলোকে যুক্ত করতে বাংলাদেশের সেনা সদস্যদের কার্যক্রম ছিল অনবদ্য। বাংলাদেশ সেনাবাহিনী যা করেছে, তার জন্য সিয়েরালিওনের সরকার কৃতজ্ঞ। ২০০২ সালের আগে পরে শান্তি ফিরে আসে দেশটিতে। প্রেসিডেন্ট আহমদ তেজান কাব্বাহ কৃতজ্ঞতা জানাতে একটুও দেরি করলেন না। তিনি বাংলাদেশ সেনা সদস্যদের ভূমিকাকে চিরস্মরণীয় রাখতে বাংলা ভাষাকে দেশটির সরকারি ভাষার মর্যাদা দেন।

Recent Publication

17. জাতিসংঘ নামকরণ করেন

a) রুজভেল্ট b) স্টালিন
c) চার্চিল d) দ্যা গল ***ans. A***

Solution: জাতিসংঘের নাম করণ করেন মার্কিন প্রেসিডেন্ট ফ্রাঙ্কলিন ডি রুজভেল্ট ১ জানুয়ারি ১৯৪২ সালে। উল্লেখ্য, জতিসংঘের সদর দপ্তর নিউইয়র্ক, যুক্তরাষ্ট্রে অবস্থিত। আর এর সদর দপ্তরের স্থপতি ছিলেন ডব্লিউ হ্যারিসন। জাতিসংঘ বিশ্বের জাতিসমূহের একটি সংগঠন, যার লক্ষ্য হলো আন্তর্জাতিক অঙ্গনে আইন, নিরাপত্তা, অর্থনৈতিক উন্নয়ন, সামাজিক অগ্রগতি এবং মানবাধিকার বিষয়ে পারস্পরিক সহযোগিতার পরিবেশ সৃষ্টি করা। ১৯৪৫ সালে ৫১টি রাষ্ট্র জাতিসংঘ বা রাষ্ট্রসংঘ সনদ স্বাক্ষর করার মাধ্যমে জাতিসংঘ প্রতিষ্ঠিত হয়। প্রতি বছর ২৪ অক্টোবর জাতিসংঘ দিবস পালিত হয়।

18. কোন মুসলিম দেশ সামরিক জোট ন্যাটোর সদস্য?

a) সৌদি আরাব b) মালয়েশিয়া
c) পাকিস্তান d) তুরস্ক ***ans. D***

Solution: সামরিক জোট ন্যাটোর মুসলিম সদস্যভুক্ত দেশ ২টি। এই দুটি হলো তুরস্ক এবং আলবেনিয়া। ন্যাটো একটি আঞ্চলিক সামরিক জোট। ন্যাটোর পূর্ণরূপ North Atlantic Treaty Organization (NATO). ৪ এপ্রিল ১৯৪৯ সালে সোভিয়েত ইউনিয়নের সামরিক শক্তি মোকাবেলার উদ্দেশ্যে ন্যাটো গঠন করা হয়।

19. নর্থ আটলান্টিক ট্রিটি অর্গানাইজেশন কোন বছর প্রতিষ্ঠিত হয়?

a) ১৯৪৫ সালে b) ১৯৪৯ সালে
c) ১৯৪৮ সালে d) ১৯৫১ সালে ***ans. B***

Solution: ন্যাটো উত্তর আটলান্টিক চুক্তি সংস্থা। এটি একটি রাজনৈতিক সামরিক জোট যা ১৯৪৯ সালে স্নায়ুযুদ্ধের সময় তৈরি হয়েছিল এবং এর ভিত্তিতে তৈরি হয়েছিল আগ্রাসনের ক্ষেত্রে সদস্য দেশগুলিকে পারস্পরিক সামরিক সহায়তা তৃতীয় পক্ষ দ্বারা। উত্তর আটলান্টিক চুক্তিটি মার্কিন যুক্তরাষ্ট্র এবং তার ইউরোপীয় মিত্রদের দ্বারা ওয়াশিংটন ডিসিতে ১৯৪৪ সালের ৪ এপ্রিল স্বাক্ষরিত হয়। রাজনৈতিক ও সামরিক উপায়ে সদস্য দেশগুলির স্বাধীনতা এবং সুরক্ষা নিশ্চিত করার লক্ষ্যে এর উদ্দেশ্য ইউরোপ এবং উত্তর আমেরিকার মধ্যে একটি জোট গঠন, সামরিক অর্থে ন্যাটো সংকট পরিচালন পরিচালনা করে এবং উত্তর আটলান্টিক চুক্তির ৫নং অনুচ্ছেদে সম্মিলিত প্রতিরক্ষা আবেদন করে, যা ওয়াশিংটন চুক্তি নামেও পরিচিত। সুরক্ষা কাউন্সিলের মাধ্যমে ন্যাটো সেনাও জাতিসংঘের (ইউএন) ম্যান্ডেটের আওতায় জড়িত।

20. জার্মানীর প্রথম নারী চ্যান্সেলর কে?

a) অ্যানেগরেট ক্রাম্প b) লিনা হেডরিচ
c) অ্যাঞ্জেলা মারকেল d) পেট্রা কেলি ***ans. C***

Solution: জার্মানীর প্রথম নারী চ্যান্সেলর হলেন অ্যাঞ্জেলা মারকেল। তিনি ছিলেন জার্মানির সবচেয়ে বলিষ্ঠ চ্যান্সেলর। তাঁকে ডাকা হয় 'ক্রাইসিস ম্যানেজার' নামে। তিনি ২০০৫ সালে প্রথম নারী চ্যান্সেলর হিসেবে দায়িত্ব নেন।

21. একই পরিমাণ বৃষ্টিপাত অঞ্চলসমূহকে যে কাল্পনিক রেখার সাহায্যে দেখানো হয় তার নাম

a) আইসোপ্লিথ b) আইসোহাইট
c) আইসোহেলাইন d) আইসোথার্ম ***ans. B***

Solution: **আইসোহাইটঃ** ভূপৃষ্ঠের সর্বত্র বৃষ্টিপাতের পরিমাণ সমান নয়। কোথাও বেশি বৃষ্টিপাত হয়, কোথাও মাঝারি বৃষ্টিপাত হয় আবার কোথাও কম বৃষ্টিপাত হয়। ভূপৃষ্ঠের যে সব জায়গায় বার্ষিক বৃষ্টিপাতের পরিমাণ এক রকম, সেই সব জায়গাগুলিকে যে রেখার সাহায্যে যুক্ত করে মানচিত্রে দেখানো হয় তাকে সমবর্ষণরেখা (Isohyets) বা আইসোহাইট বলে। **আইসোথার্মঃ** সমবায়ুমণ্ডলীয় চাপসম্পন্ন স্থানসমূহকে যোগ করতে ব্যবহৃত রেখা। **আইসোহেলাইনঃ** সমুদ্রের বিভিন্ন স্থানের সমলবণাক্ততা নির্দেশ করতে মানচিত্রে যে রেখা ব্যবহার করা হয়।

22. **বাংলাদেশের সবচেয়ে প্রাচীন বসতি কোনটি?**
a) ময়নামতি b) পুণ্ড্রবর্ধন
c) পাহাড়পুর d) সোনারগাঁ ***ans.* B**

Solution: পুণ্ড্র হলো বাংলার সর্ব প্রাচীন জনপদের নাম। এর বর্তমান নাম মহাস্থানগড়। মৌর্য প্রাচীন বাংলায় একটি রাজবংশ বিদ্যমান ছিল।

23. **নিচের কোনটি সত্য নয়?**
a) ইরাবতী মায়ানমারের একটি নদী
b) গোবী মরুভূমি ভারতে অবস্থিত
c) থর মরুভূমি ভারতের পশ্চিমাংশে অবস্থিত
d) সাজেক ভ্যালি বাংলাদেশে অবস্থিত ***ans.* B**

Solution: গোবী মরুভূমি (বিশ্বের তৃতীয় মরুভূমি) মঙ্গোলিয়া ও চীনে অবস্থিত। এই মরুভূমিটি এশিয়া মহাদেশের সবচেয়ে বড় মরুভূমি। এটি ১,৫০০ কিলোমিটার এলাকা জুড়ে বিস্তৃত। আর এর আয়তন ১২ লক্ষ ৯৫ হাজার বর্গ কিলোমিটার।

24. **দক্ষিণ গোলার্ধে উষ্ণতম মাস কোনটি?**
a) জানুয়ারি b) ফেব্রুয়ারি
c) ডিসেম্বর d) মে ***ans.* A**

Solution: দক্ষিণ গোলার্ধে উষ্ণতম মাস জানুয়ারি। আর উত্তর গোলার্ধের শীতলতম মাস হলো জানুয়ারি।

Recent Publication

25. **মার্বেল কোন ধরনের শিলা?**
a) রূপান্তরিত শিলা b) আগ্নেয় শিলা
c) পাললিক শিলা d) মিশ্র শিলা ***ans.* A**

Solution: মার্বেল হলো রূপান্তরিত শিলা। রূপান্তরিত শিলা হলো পাললিক ও আগ্নেয় শিলার পরিবর্তিত রূপ যা আগ্নেয় ও পাললিক শিলা হতে ভিন্নধর্মী। রূপান্তরিত শিলাগুলোর কয়েকটি উদাহরণ হলোঃ প্লেট, মার্বেল, স্কিস্ট, কোয়ার্টজাইট ইত্যাদি।

26. **'বেঙ্গল ফ্যান' ভূমিরূপটি কোথায় অবস্থিত?**
a) মধুপুর গড়ে b) টারশিয়ারি পাহাড়
c) হাওর অঞ্চলে d) বঙ্গোপসাগরে ***ans.* D**

Solution: বিশ্বের বৃহত্তম সাবমেরিন ফ্যান অবস্থিত বঙ্গোপসাগরে যা বেঙ্গল ফ্যান বা গঙ্গা ফ্যান নামে পরিচিত। সাবমেরিন ফ্যান হল সমুদ্রতলদেশে একটি ভূমিরূপ যা নদীবাহিত পলি দ্বারা ক্রমসঞ্চিত হয়ে তলদেশে শিরা উপশিরা মিলে জালের মতো বেষ্টনী তৈরি করে। এর নিকটেই বঙ্গোপসাগরের উত্তরাংশে বাংলাদেশ সমুদ্র সীমারেখায় অবস্থিত সোয়াচ অব নো গ্রাউন্ড নামক গভীর সমুদ্র খাদ।

27. **মধ্যম উচ্চতার মেঘ কোনটি?**
a) সিরাস b) নিম্বাস
c) কিউম্যুলাস d) স্ট্রেটাস ***ans.* C**

Solution: মধ্যম উচ্চতার মেঘ কিউম্যুলাস। উল্লেখ্য, মেঘের প্রকারভেদঃ উচ্চতা অনুসারে মেঘকে তিনটি শ্রেণিতে বিভক্ত করা হয়। এগুলো হলোঃ

উঁচু মেঘঃ উঁচু মেঘের উচ্চতা সাধারণত ৬,০০০ মিটর হতে ১২,০০০ মিটার পর্যন্ত। **মধ্যম উঁচু মেঘঃ** এই মেঘ ২,০০০ হতে ৬,০০০ মিটার উচ্চতায় উৎপন্ন হয়। **নিচু মেঘঃ** ভূ-পৃষ্ঠের নিকটবর্তী অঞ্চলে ২,০০০ মিটারের মধ্যে এ জাতীয় মেঘ গঠিত হয়। এটি অপেক্ষাকৃত ভারী বলে আকাশের নিচে ভেসে বেড়ায়।

28. **UDMC এর পূর্ণরূপ হলো**
a) United Disaster Management Centre
b) Union Disaster Management Committee
c) Union Disaster Management Centre
d) None of the above ***ans.* B**

Solution: নানান ধরনের প্রাকৃতিক দুর্যোগ যেমনঃ বন্যা, খরা, জলোচ্ছ্বাস ইত্যাদিকে আঞ্চলিকভাবে মোকাবেলার জন্য ইউনিয়ন পর্যায়ে UDMC বা Union Disaster Management Committee (ইউনিয়ন দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি) গঠিত হয়েছে।

29. **২০১৫ সালের প্যারিস চুক্তির সাথে সম্পর্কিত বিষয়বস্তু হলো**
a) সমুদ্র পরিবহন ব্যবস্থাপনা b) জলবায়ু পরিবর্তন হ্রাস
c) জনসংখ্যা বৃদ্ধি হ্রাস d) আপদ ঝুঁকি হ্রাস ***ans.* B**

Solution: ২০১৫ সালের প্যারিস চুক্তির সাথে সম্পর্কিত কিছু বিষয়বস্তু হলোঃ

- পৃথিবীর তাপমাত্রা বৃদ্ধিকে শিল্পায়ন যুগ পূর্ব তাপমাত্রার (১.৫-২ ডিগ্রি সেলসিয়াসের) মধ্যে রাখা।
- ২০৫০-২১০০ সালের মধ্যে গ্রীনহাউজ গ্যাসের নিঃসরণকে কমিয়ে এমন পর্যায়ে আনা যেন গাছপালা তা প্রাকৃতিকভাবে শুষে নিতে পারে, অর্থাৎ কার্যত প্রকৃতিতে কার্বন নিঃসরণের পরিমাণ শূন্যে নামিয়ে আনা।
- সকল দেশের কার্বন নিঃসরণ কমানোর লক্ষ্য প্রতি পাঁচ বছর অন্তর অন্তর বৃদ্ধি করা।
- উন্নত রাষ্ট্রগুলো কর্তৃক উন্নয়নশীল রাষ্ট্রগুলোকে জলবায়ু পরিবর্তন মোকাবেলা করার জন্য এবং নবায়নযোগ্য শক্তির ব্যবহার বৃদ্ধির জন্য তহবিল সৃষ্টি করা।

VisionApps10

30. **'বঙ্গবন্ধু দ্বীপ' কোথায় অবস্থিত?**

a) পদ্মা এবং যমুনার সংযোগস্থলে b) সুন্দরবনের দক্ষিণে
c) টেকনাফের দক্ষিণে d) মেঘনা মোহনায় ***ans.*** **B**

Solution: বাংলাদেশের খুলনা বিভাগের বাগেরহাট জেলার মংলা উপজেলার সুন্দরবনের হিরণ পয়েন্ট থেকে ১৫ কিলোমিটার এবং দুবলার চর থেকে ১০ কিলোমিটার দক্ষিণ-পশ্চিমে বঙ্গোপসাগরে অবস্থিত একটি দ্বীপ। যা বঙ্গবন্ধু চর, বঙ্গবন্ধু আইল্যান্ড নামেও ডাকা হয়।

বঙ্গবন্ধু দ্বীপের স্থানীয় নাম	পুটুনির দ্বীপ
প্রথম আবিষ্কার হয়	১৯৯২ সালে
আয়তন	৮ বর্গকিলোমিটার (৩.১ বর্গমাইল)
দৈর্ঘ্য	৯ কিলোমিটার (৫.৬ মাইল)
প্রস্থ	০.৫ কিলোমিটার (০.৩১ মাইল)
সমুদ্র সমতল থেকে উঁচু	২ মিটার

31. **আলোকবর্ষ ব্যবহার করে কী পরিমাপ করা হয়?**

a) দূরত্ব b) সময়
c) ভর d) ওজন ***ans.*** **A**

Solution: আলোকবর্ষ হলো প্রকৃত পক্ষে ঐ দূরত্বেরই একক যা পৃথিবী এবং অন্যান্য নক্ষত্রের মধ্যকার দূরত্ব নির্ণয় করতে ব্যবহার করা হয়। আলো এক সেকেন্ডে যায় ৩,০০,০০০ কিলোমিটার। আলো এই গতিতে চলে এক বছরে অর্থাৎ ৩৬৫ দিনে যে দূরত্ব অতিক্রম করে তাই হলো এক আলোক বর্ষ এবং এর পরিমাণ প্রায় ৯৪৬০,০০০,০০০ কিলোমিটার বা ৯৪,৬০০ কোটি কিলোমিটার বা ৯.৪৬ × ১০^{৯} কিলোমিটার।

32. **সূর্যের নিকটতম নক্ষত্রের নাম**

a) আলফা সেন্টাউরি B b) প্রক্সিমা সেন্টাউরি
c) আলফা সেন্টাউরি A d) ভেগা ***ans.*** **B**

Solution: সূর্যের নিকটতম নক্ষত্র হলো 'প্রক্সিমা সেন্টাউরি'। স্কটিশ জ্যোতির্বিদ রবার্ট আইনেস সর্বপ্রথম ১৯১৫ সালে এই নক্ষত্রটি আবিষ্কার করেন। এটি খুব কম ভরের লাল বামন নক্ষত্র। সূর্য থেকে এই নক্ষত্রের দূরত্ব প্রায় ৪.২৩ আলোকবর্ষ।

33. **১০০ ওয়াট-এর একটি বৈদ্যুতিক বাল্ব ১ ঘণ্টা চললে কত শক্তি ব্যয় হয়?**

a) ১০০ জুল b) ৬০ জুল
c) ৬০০০ জুল d) ৩৬০০০০ জুল ***ans.*** **D**

Solution: দেয়া আছে, বৈদ্যুতিক ক্ষমতা, p = ১০০ ওয়াট; সময়, t = ১ ঘণ্টা বা ৩,৬০০ সেকেন্ড এবং কাজ, $w = ?$
আমরা জানি, $w = pt$
= (১০০ × ৩৬০০) জুল = ৩৬০০০০ জুল।

34. **ইলেকট্রিক বাল্ব এর ফিলামেন্ট যার দ্বারা তৈরি -**

a) আয়রন b) কার্বন
c) টাংস্টেন d) লেড ***ans.*** **C**

Solution: ইলেকট্রিক বাল্ব এর ফিলামেন্ট টাংস্টেন ধাতু ব্যবহার করা হয়। কারণ টাংস্টেন উচ্চ তাপমাত্রায়ও সহজে জারিত হয় না। টাংস্টেন ধাতুর রোধাঙ্ক খুব বেশি, তাই ধাতুটির গলনাঙ্কও খুব বেশি। টাংস্টেন উচ্চচ তাপমাত্রায়ও না গলে কঠিন অবস্থায় থাকে। এছাড়া এই ধাতু দ্বারা খুব সরু এবং সমান প্রস্থচ্ছেদবিশিষ্ট তার তৈরি করা যায়। ফলে টাংস্টেনের তৈরি ফিলামেন্টের রোধ খুব বেশি হয়। তড়িৎপ্রবাহ বেশি হলে ফিলামেন্টটিতে প্রচুর তাপ উৎপন্ন হয়। ফিলামেন্টটি উজ্জ্বল আলো বিকীর্ণ করে। সাধারণ বৈদ্যুতিক বাল্ব ১.৫ ভোল্ট থেকে ১,০০০ ভোল্টের হয়ে থাকে। সাধারণ বৈদ্যুতিক বাল্ব ব্যবহৃত শক্তির মাত্র ৫% আলোতে রূপান্তরিত করতে পারে, এজন্য এই বাল্বের চাহিদা দিন দিন হ্রাস পাচ্ছে।

35. **গ্রাফিন (Graphene) কার বহুরূপী?**

a) কার্বন ও নাইট্রোজেন b) কার্বন ও অক্সিজেন
c) কার্বন ও হাইড্রোজেন d) কার্বন ***ans.*** **D**

Solution: গ্রাফিন আসলে বহুরূপী মৌল কার্বনের একটি ভিন্ন অবস্থামাত্র। গ্রাফিন মানে পদার্থটি মাত্র এক পরমাণু সমান পাতলা, স্বচ্ছতা কাচের মতো। কিন্তু এটি ইস্পাতের চেয়ে প্রায় ১০০ গুণ দৃঢ় এবং তাপ ও বিদ্যুৎপরিবাহী হিসেবে অতিচমৎকার। এটি অদূর ভবিষ্যতে বিশ্বকে আমূল বদলে দিতে যাচ্ছে বলেই মনে করছেন গবেষকেরা। বিদ্যুৎশক্তি উৎপাদন, তথ্যপ্রযুক্তি ও চিকিৎসাপ্রযুক্তি থেকে শুরু করে মহাকাশ গবেষণায়ও বৈপ্লবিক পরিবর্তন ঘটাতে পারে এই গ্রাফিন। শুধু তা-ই নয়, প্রাকৃতিক খনিজ সম্পদ দ্রুত কমে যাওয়ায় ভবিষ্যতের অবলম্বন হতে পারে এই অতি পাতলা পদার্থ।

36. **আইনস্টাইন নোবেল পুরস্কার পান**

a) আলোক তড়িৎ ক্রিয়ার ব্যাখ্যা প্রদানের জন্য
b) মহাকর্ষীয় ধ্রুবক আবিষ্কারের জন্য
c) কৃষ্ণগহ্বর আবিষ্কারের জন্য
d) আপেক্ষিক তত্ত্বের উপর ***ans.*** **A**

Solution: ১৯২১ সালে তিনি কোয়ান্টাম তত্ত্বের সাহায্যে আলোক তড়িৎ ক্রিয়ার বা Photo-electric Effect ব্যাখ্যা করে তত্ত্ব প্রদান করেন। এই তত্ত্বের জন্য তিনি ১৯২১ সালে নোবেল পুরস্কার লাভ করেন। জার্মান পদার্থ বিজ্ঞানী আলবার্ট আইনস্টাইন ১৯০৫ সালে আপেক্ষিক তত্ত্ব বা Theory of Relativity'র প্রকাশ করেন। এ তত্ত্বের জন্যে তিনি জগৎ বিখ্যাত হন। তিনি বর্ণনা করেন যে, কোনো কিছু আলোর বেগে চললে সময় ধীরে চলে এবং আলোর চেয়ে বেশি বেগে চলা সম্ভব নয়। তিনি আরো আবিষ্কার করেন যে, যেকোনো বস্তুকে শক্তিতে রূপান্তর করা সম্ভব।

Recent Publication

visionApps10

37. মানবদেহে লোহিত কণিকার আয়ুস্কাল কত দিন?

a) ৭ দিন b) ৩০ দিন
c) ১৮০ দিন d) কোনটিই নয় **ans. D**

Solution: মানবদেহে লোহিত কণিকার আয়ুস্কাল ১২০ দিন।

38. নদীর পানির ক্ষেত্রে কোনটি সত্য?

a) COD > BOD b) COD < BOD
c) COD = BOD d) কোনটিই নয় **ans. A**

Solution: COD বা Chemical Oxyzen Demand মানে রাসায়নিক অক্সিজেন চাহিদা। ১ লিটার পানিতে উপস্থিত মোট জৈব ও অজৈব অপদ্রব্য জারিত করতে যত মিলি গ্রাম অক্সিজেন প্রয়োজন তাই ঐ নমুনার COD. আর BOD বা Biochemical Oxyzen Demand দ্বারা শুধু অজৈব পদার্থ জারিত হয় কিন্তু COD দ্বারা জৈব এবং অজৈব উভয় পদার্থই জারিত হয় এই কারণে কোনো পানির নমুনার BOD অপেক্ষা COD এর মান বেশি।

39. পাথফাইন্ডার এর মঙ্গলে অবতরণ সাল

a) ১৯৯০ b) ১৯৯৫
c) ১৯৯৭ d) ২০০০ **ans. C**

Solution: পাথফাইন্ডার এর মঙ্গলে অবতরণ করে ৪ জুলাই ১৯৯৭ সালে। চালকবিহীন মার্কিন মহাকাশযানে সোজার্নার নামক একটি রোবটযান পাঠানো হয় মঙ্গল গ্রহের মাটি, পাথর ইত্যাদি পরীক্ষার করার জন্য। মঙ্গলগ্রহের যে স্থানে পাথফাইন্ডার অবতরণ করে তাকে অ্যারিস ভ্যালিস বলে।

40. ওজোন স্তর বায়ুমণ্ডলের কোন স্তরে অবস্থিত?

a) স্ট্রাটোমন্ডল b) ট্রপোমন্ডল
c) মেসোমন্ডল d) তাপমন্ডল **ans. A**

Solution: বায়ুমণ্ডলের স্ট্রাটোমণ্ডলে (Stratosphere) ওজন (O_3) স্তর অবস্থিত। স্ট্রাটোমণ্ডল বায়ুমণ্ডলের দ্বিতীয় স্তর যা ওপরের দিকে প্রায় ৫০ কিলোমিটার পর্যন্ত বিস্তৃত। স্ট্রাটোমণ্ডল এবং মেসোমণ্ডলের মধ্যবর্তী অঞ্চলে তাপমাত্রার স্থিতাবস্থাকে স্ট্রাটোবিরতি (Stratopause) বলে।

41. কাঁদুনে গ্যাসের অপর নাম কী?

a) ক্লোরোপিক্রিন b) মিথেন
c) নাইট্রোজেন d) ইথেন **ans. A**

Solution: কাঁদুনে গ্যাসের রাসায়নিক নাম হলো ক্লোরোপিক্রিন বা ট্রাইক্লোরো নাইট্রোমিথেন। এটি তৈলজাতীয় পদার্থ। এর সংকেত $Cl_3C\text{-}NO_2$. গাঢ় নাইট্রিক এসিডের সাথে ক্লোরোফর্মকে উত্তপ্ত করলে এই গ্যাস পাওয়া যায়। এ গ্যাস চোখে লাগলে চোখ জ্বালা করে এবং চোখ থেকে পানি বেরিয়ে আসে। এটি অশ্রু উৎপাদক বলে এর এরূপ নামকরণ করা হয়েছে।

42. কোন পানিতে অক্সিজেনের পরিমাণ বেশি?

a) পুকুরের পানিতে b) লেকের পানিতে
c) সাগরের পানিতে d) নদীর পানিতে **ans. D**

Solution: নদীর পানিতে অক্সিজেনের পরিমাণ বেশি। পানির লবণাক্ততা বৃদ্ধি পেলে অক্সিজেন দ্রবীভূত হওয়ার হার কমে যায়।

43. হার্ট থেকে রক্ত বাইরে নিয়ে যায় যে রক্তনালী

a) ভেইন b) আর্টারি
c) ক্যাপিলারি d) নার্ভ **ans. B**

Solution: হার্ট থেকে রক্ত বাইরে নিয়ে যায় আর্টারি রক্তনালী।

	ধমনী	শিরা
উৎপত্তি	হৃৎপিণ্ড	কৈশিক জালিকা
সমাপ্তি	কৈশিক জালিকা হৃৎপিণ্ড → দেহ	হৃৎপিণ্ড দেহ → দেহ
পরিবহণ	O_2 পালমোনারী ধমনী → CO_2	CO_2 পালমোনারী ধমনী → O_2
রক্ত চাপ	উচ্চ চাপ	নিম্ন চাপ

44. প্রোটিন তৈরি হয়

a) ফ্যাটি অ্যাসিড দিয়ে b) নিউক্লিক অ্যাসিড দিয়ে
c) অ্যামিনো অ্যাসিড দিয়ে d) কোনটিই নয় **ans. C**

Solution: কার্বন, হাইড্রোজেন, অক্সিজেন এবং নাইট্রোজেন এই ৪টি মৌলের সমন্বয়ে আমিষ বা প্রোটিন তৈরি হয়। শরীরে আমিষ পরিপাক হওয়ার পর সেগুলো অ্যামিনো অ্যাসিডে পরিণত হয়। অর্থাৎ বলা যায় একটি নির্দিষ্ট আমিষের পরিচয় হয় কিছু অ্যামিনো অ্যাসিড দিয়ে। মানুষের শরীরে এই পর্যন্ত ২০ ধরনের অ্যামিনো অ্যাসিডের সন্ধান পাওয়া গেছে এবং এই অ্যামিনো অ্যাসিড হলো আমিষ গঠনের একক। সূত্র: নবম-দশম শ্রেণী (বিজ্ঞান)।

45. কোনটি পানিতে দ্রবীভূত হয় না?

a) গ্লিসারিন b) ক্যালসিয়াম কার্বোনেট
c) সোডিয়াম ক্লোরাইড d) ফিটকিরি **ans. B**

Solution: ক্যালসিয়াম কার্বোনেট পানিতে দ্রবীভূত হয় না। অস্থিত দুর্বল অম্লীয় কার্বনিক এসিডের লবণকেই বলা হয় কার্বনেট। এতে কার্বনেট আয়ন বিদ্যমান। কার্বন-ডাই-অক্সাইড পানিতে দ্রবীভূত হয়ে একটি অস্থিত যৌগ গঠন করে, যা কার্বনিক এসিড নামে পরিচিত। এটি অতি দুর্বল এসিড। এই এসিডের উভয় হাইড্রোজেনকে ধাতু পরমাণু দ্বারা প্রতিস্থাপিত করলে যে লবণ উৎপন্ন হয় তাদেরকে কার্বোনেট বলে। জলজ শামুক ও ঝিনুকের খোলস কার্বোনেট দিয়ে তৈরি।

46. যে ইলেক্ট্রনিক লজিক গেইটের আউটপুট লজিক 0 শুধুমাত্র যখন সকল ইনপুট লজিক 1 তার নাম

a) AND গেইট b) OR গেইট
c) NAND গেইট d) কোনটিই নয় **ans. C**

Recent Publication

VisionApps10

Solution: যে ইলেক্ট্রনিক লজিক গেইটের আউটপুট লজিক 0 শুধুমাত্র যখন সকল ইনপুট লজিক 1 তার নাম NAND গেইট। উল্লেখ্য, NAND গেইট হলো AND গেইট এবং NOT গেইটের সমন্বয়ে গঠিত। AND গেইটের আউটপুটকে উল্টিয়ে দিলে NAND গেইটের আউটপুট পাওয়া যায়। NAND গেইটকে যৌগিক গেইট এবং সর্বজনীনও গেইট বলে।



A	B	Out
0	0	1
0	1	1
1	0	1
1	1	0

47. নিচের কোনটির যোগাযোগের দূরত্ব সবচেয়ে কত?

a) Wi-Fi　　b) Cellular network
c) Wi-Max　　d) Bluetooth　　**ans. D**

Solution: Bluetooth হলো তারবিহীন পার্সোনাল এরিয়া নেটওয়ার্ক (PAN) যা স্বল্প দূরত্বে ডেটা আদান-প্রদানে ব্যবহৃত হয়। এর দূরত্ব সাধারণত ১০ থেকে ১০০ মিটার হয়ে থাকে। Bluetooth প্রযুক্তিতে কম ক্ষমতাসম্পন্ন বেতার তরঙ্গ (Radio Wave) ব্যবহার করা হয়। এর স্ট্যান্ডার্ড হলো IEEE 802.15. ১৯৯৪ সালে ভেন্ডর এরিকসন Bluetooth উদ্ভাবন করেন। ডেনমার্কের রাজা হ্যারোল্ড ব্লুটুথ এর নামানুসারে নামকরণ করা হয় Bluetooth.

48. নিচের কোনটি ১০০ এর ১ কমপ্লিমেন্ট?

a) ১১১　　b) ১০১
c) ০১১　　d) ০০১　　**ans. C**

Solution: কমপ্লিমেন্ট হল 1 কে 0 এবং 0 কে 1 করা। অর্থাৎ 100 – 011.

49. RFID বলতে বুঝায়-

a) Random Frequency Identification
b) Random Frequency Information
c) Radio Frequency Information
d) Radio Frequency Identification　　**ans. D**

Solution: RFID (Radio Frequency Identification) Electronic signal ব্যবহার করে বস্তুর সাথে সংযুক্ত ট্যাগগুলো স্বয়ংক্রিয়ভাবে শনাক্ত করতে এবং ট্র্যাক করতে ব্যবহৃত হয়।

50. Apache এক ধরনের

a) Database Management System (DBMS)
b) Web Server
c) Web Browser
d) Protocol　　**ans. B**

Solution: Apache হল এক ধরনের HTTP web server. এটা Open source web server.

51. নিচের কোনটি সঠিক নয়?

a) $\left(\overline{A+B}\right)=\overline{A}.\overline{B}$
b) $\left(\overline{A+B}\right)=\overline{A}+\overline{B}$
c) $\left(\overline{A.B.C}\right)=\overline{A}+\overline{B}+\overline{C}$
d) $\left(\overline{A+B+C}\right)=\overline{A}.\overline{B}.\overline{C}$　　**ans. B**

52. ক্লাউড কম্পিউটিং এর সার্ভিস মডেল কোনটি?

a) অবকাঠামোগত　　b) প্লাটফর্মভিত্তিক
c) সফটওয়্যার　　d) সবগুলো　　**ans. D**

Solution: সেবার ধরণ অনুসারে Cloud Computing কে তিনভাগে ভাগ করা যায়ঃ

ক. অবকাঠামোগত সেবা বা Infrastructure as a Services – IaaS: ক্লাউড সেবাদানকারী প্রতিষ্ঠান তাদের নেটওয়ার্ক, সিপিইউ, স্টোরেজ এবং অন্যান্য মৌলিক কম্পিউটিং রিসোর্স ভাড়া দেয়; যেখানে ব্যবহারকারী তার প্রয়োজনীয় অপারেটিং সিস্টেম এবং সফটওয়্যার চালাতে পারেন।

খ. প্লাটফর্মভিত্তিক সেবা বা Platform as a Service – PaaS: এই ব্যবস্থায় ক্লাউড সেবাদানকারী প্রতিষ্ঠানের প্রয়োজনীয় হার্ডওয়্যার, অপারেটিং সিস্টেম, ওয়েব সার্ভার, ডেটাবেজ, প্রোগ্রাম এক্সিকিউশন পরিবেশ ইত্যাদি থাকে। অ্যাপ্লিকেশন ডেভেলপারগণ তাদের তৈরি করা সফটওয়্যার এই প্ল্যাটফর্মে ভাড়ায় চালাতে পারেন।

গ. সফটওয়্যার সেবা বা Software application as a Services – SaaS: এই ব্যবস্থায় ক্লাউড সেবাদানকারী প্রতিষ্ঠানের উন্নয়ন করা অ্যাপ্লিকেশন সফটওয়্যার ব্যবহারকারীগণ ইন্টারনেটের মাধ্যমে চালাতে পারেন।

53. কোন নেটওয়ার্ক টপোলজিতে হাব (hub) ব্যবহার করা হয়?

a) বাস টপোলজি　　b) রিং টপোলজি
c) স্টার টপোলজি　　d) ট্রি টপোলজি　　**ans. C**

Solution: স্টার টপোলজিতে কেন্দ্র Hub বা Repeater যুক্ত থাকে। এখাতে কম্পিউটারগুলো Hub এর সাথে যুক্ত থাকে। এগুলো Hub থেকে তথ্য পায়।

54. একটি কম্পিউটার Boot করতে পারে না যদি তাতে না থাকে

a) compiler　　b) loader
c) operating system　　d) bootstrap　　**ans. C**

Solution: একটি কম্পিউটার Boot করতে পারে না যদি তাতে না থাকে Operating system. আর Operating

Recent Publication

VisionApps10

system হলো Software এবং Hardware এর মধ্যে সংযোগস্থাপনকারী মধ্যম। Operating system এবং Bootstrap loader ছাড়া কম্পিউটার Boot করতে পারে না।

55. **নিচের কোনটি Anti-virus সফটওয়্যার নয়?**

a) Oracle b) McAfee
c) Norton d) Kaspersky ***ans. A***

Solution: এন্টি-ভাইরাস হল এক ধরনের ভাইরাস প্রতিষেধক সফটওয়্যার যা কোনো কম্পিউটার ভাইরাসকে সনাক্ত করতে পারে এবং তাকে আক্রান্ত কম্পিউটার থেকে মুছে ফেলতে বা ভাইরাস মুক্ত করতে পারে। বর্তমানে প্রচলিত কিছু জনপ্রিয় এন্টি-ভাইরাস প্রোগ্রামগুলো হলোঃ McAfee, AVG, Symantec, Norton, AVIRA, Kaspersky, MS Security Essential ইত্যাদি। উল্লেখ্য, ওরাকল হলো একটি ডাটাবেস ম্যানেজমেন্ট সফটওয়্যার।

56. **যে কম্পিউটার ভাষায় সবকিছু শুধুমাত্র বাইনারি কোডে লেখা হয় তাকে বলে-**

a) Machine language b) C
c) Java d) Python ***ans. A***

Solution: যে কম্পিউটার ভাষায় সবকিছু শুধুমাত্র বাইনারি কোডে লেখা হয় তাকে Machine language বলে। কারণ, ভাষার সর্বনিম্ন স্তর হলো মেশিন ভাষা যা কম্পিউটারের মৌলিক ভাষা। মেশিন ভাষায় 0 থেকে 1 এই দুই বাইনারি অঙ্ক অথবা হেক্স পদ্ধতি ব্যবহার করে সব কিছু লিখা হয়। কম্পিউটার একমাত্র মেশিন ভাষাই বুঝতে পারে, অন্যভাষায় প্রোগ্রাম করলে কম্পিউটার আগে উপযুক্ত অনুবাদকের সাহায্যে তাকে মেশিন ভাষায় পরিণত করে নেয়। প্রথম প্রজন্মের কম্পিউটারের সব প্রোগ্রাম একমাত্র মেশিন ভাষাতেই করতে হতো।

57. **API মানে**

a) Advanced Processing Information
b) Application Processing Information
c) Application Programming Interface
d) Application Processing Interface ***ans. C***

Solution: API মানে Application Programming Interface. API হল সফটওয়্যার অথবা হার্ডওয়্যার এর মধ্যে সংযোগ স্থাপনকারী ইন্টারফেস।

58. **মাইক্রোসফট IIS হচ্ছে একটি-**

a) ইমেইল সার্ভার b) ওয়েব সার্ভার
c) ডাটাবেইস সার্ভার d) ফাইল সার্ভার ***ans. B***

Solution: Microsoft IIS (Internet Information Service) সাধারণত ASP Net এবং Static website এর ক্ষেত্রে ওয়েব সার্ভার ব্যবহার করা হয়।

59. **ব্লুটুথ কত দূরত্ব পর্যন্ত কাজ করে?**

a) ১০-৩০ মিটার b) ১০-৫০ মিটার
c) ১০-১০০ মিটার d) ১০-৩০০ মিটার ***ans. C***

Solution: ব্লুটুথ হলো তারবিহীন পার্সোনাল এরিয়া নেটওয়ার্ক (PAN) যা স্বল্প দূরত্বে ডেটা আদান-প্রদানে ব্যবহৃত হয়। এর দূরত্ব সাধারণত ১০ থেকে ১০০ মিটার হয়ে থাকে। ব্লুটুথ প্রযুক্তিতে কম ক্ষমতাসম্পন্ন বেতার তরঙ্গ (Radio Wave) ব্যবহার করা হয়। এর স্ট্যান্ডার্ড হলো IEEE 802.15

60. **একটি সিস্টেম যেখানে আইটেমগুলো এক প্রান্তে সংযোজিত হয় কিন্তু অন্য প্রান্ত থেকে সরানো হয় তার নাম**

a) Array b) Linked list
c) Stack d) Queue ***ans. D***

Solution: Queue সাধারণত FIFO অর্থাৎ First in first out হিসেবে কাজ করে। যেটা প্রথমে আসে সেটা আগে বের হয়। Queue তে Item এক প্রান্তে সংযুক্ত হয় এবং অন্য প্রান্ত তেকে বের হয়।

Recent Publication

Geometry (Triangle)

61. **ΔABC এর $\angle A = 40°$ এবং $\angle B = 80°$। $\angle C$ এর সমদ্বিখণ্ডক AB বাহুকে D বিন্দুতে ছেদ করলে $\angle CDA$ =?**

a) 110° b) 100°
c) 90° d) 80° ***ans. A***

Solution: আসুন প্রথমেই তথ্যানুযায়ী ত্রিভুজের চিত্রটি আঁকিঃ



এখানে, ABC ত্রিভুজের $\angle A = 40°$ এবং $\angle B = 80°$

$\angle C$ এর সমদ্বিখণ্ডক AB বাহুকে D বিন্দুতে ছেদ করেছে।

আমরা জানি, ΔABC এর $\angle A + \angle B + \angle C = 180°$

$\Rightarrow 40° + 80° + \angle C = 180°$

$\Rightarrow 120° + \angle C = 180°$

$\therefore \angle C = 180° - 120° = 60°$

প্রশ্নানুযায়ী, $\angle ACD = \frac{1}{2} \times \angle C = \frac{1}{2} \times 60° = 30°$

অর্থাৎ $\angle ACD = 30°$

এখন,

ΔCDA তে $\angle CDA + \angle CAD + \angle ACD = 180°$

$\Rightarrow \angle CDA + 40° + 30° = 180°$

$\Rightarrow \angle CDA + 70° = 180°$

$\therefore \angle CDA = 180° - 70° = 110°$

visionApps10

Permutation & Combination

62. ৫ জন পুরুষ ও ৪ জন মহিলার একটি দল থেকে একজন পুরুষ ও দুইজন মহিলা নিয়ে কত প্রকারে একটি কমিটি গঠন করা যাবে?

a) ১০ b) ১৫
c) ২৫ d) ৩০ ***ans.* D**

Solution: 5 জন পুরুষ থেকে 1 জনকে

$^5C_1 = \frac{\lfloor 5}{\lfloor 1 \times \lfloor 5-1} = \frac{4 \times \lfloor 4}{1 \times \lfloor 4} = 5$ উপায়ে নেয়া যায়।

আবার, 4 জন পুরুষ থেকে 2 জনকে

$^4C_2 = \frac{\lfloor 4}{\lfloor 2 \times \lfloor 4-2} = \frac{4 \times 3 \times \lfloor 2}{2 \times 1 \times \lfloor 2} = 6$ উপায়ে নেয়া যায়।

$\therefore$ কমিটি গঠন করা যায় $= 5 \times 6 = 30$ উপায়ে।

Algebra

63. $x + 2^{\frac{1}{3}} + 2^{\frac{2}{3}} = 0$ হলে, $x^3 + 6$ এর মান কত?

a) $4x$ b) $6x$
c) 4 d) 8 ***ans.* B**

Solution: দেয়া আছে, $x + 2^{\frac{1}{3}} + 2^{\frac{2}{3}} = 0$

$\Rightarrow x = -\left(2^{\frac{1}{3}} + 2^{\frac{2}{3}}\right)$

$\Rightarrow x^3 = \left\{-\left(2^{\frac{1}{3}} + 2^{\frac{2}{3}}\right)\right\}^3$ [ঘন করে]

$\Rightarrow x^3 = -\left(2^{\frac{1}{3}} + 2^{\frac{2}{3}}\right)^3$

$\Rightarrow x^3 = -\left\{\left(2^{\frac{1}{3}}\right)^3 + 3 \times 2^{\frac{1}{3}} \times 2^{\frac{2}{3}}\left(2^{\frac{1}{3}} + 2^{\frac{2}{3}}\right) + \left(2^{\frac{2}{3}}\right)^3\right\}$

$\Rightarrow x^3 = -\left\{2 + 3 \times 2^{\frac{1}{3}+\frac{2}{3}}\left(2^{\frac{1}{3}} + 2^{\frac{2}{3}}\right) + 2^2\right\}$

$\Rightarrow x^3 = -\left\{2 + 3 \times 2^{\frac{1+2}{3}}\left(2^{\frac{1}{3}} + 2^{\frac{2}{3}}\right) + 4\right\}$

$\Rightarrow x^3 = -\left\{2 + 3 \times 2^{\frac{3}{3}}\left(2^{\frac{1}{3}} + 2^{\frac{2}{3}}\right) + 4\right\}$

$\Rightarrow x^3 = -\{6 + (3 \times 2)(-x)\}$ $[\because x = -2^{\frac{1}{3}} + 2^{\frac{2}{3}}]$

$\Rightarrow x^3 = -(6 - 6x)$

$\Rightarrow x^3 = 6x - 6$

$\therefore x^3 + 6 = 6x$

Index

64. $5^x + 8 \times 5^x + 16 \times 5^x = 1$ হলে, x এর মান কত?

a) -3 b) -2
c) -1 d) $-\frac{1}{2}$ ***ans.* B**

Solution: দেয়া আছে, $5^x + 8 \times 5^x + 16 \times 5^x = 1$

$\Rightarrow 5^x(1 + 8 + 16) = 1$

$\Rightarrow 5^x \times 25 = 1$

$\Rightarrow 5^x = \frac{1}{25} = \frac{1}{5^2} = 5^{-2}$

$\therefore x = -2$

Series

65. ০.১২ + ০.০০১২ + ০.০০০০১২ + ... ধারাটির অসীম পদ পর্যন্ত যোগফল -

a) $\frac{৮}{৩৩}$ b) $\frac{৮}{৯৯}$
c) $\frac{১১২}{৯৯}$ d) $\frac{১৪}{৯৯}$ ***ans.* A**

Solution: দেয়া আছে, ০.১২ + ০.০০১২ + ০.০০০০১২ + ...

ধারাটির প্রথম পদ $a =$ ০.০১২

সাধারণ অনুপাত $r = \frac{০.০০১২}{০.১২} =$ ০.০১

$\therefore$ অসীমতক সমষ্টি

$S_\infty = \frac{a}{1-r} = \frac{০.১২}{১ - ০.০১} = \frac{০.১২}{০.৯৯} = \frac{১২}{৯৯} = \frac{৮}{৩৩}$

Shortcut: পৌনঃপুনিক সংখ্যাকে সাধারণ ভগ্নাংশে রূপান্তরের প্রক্রিয়া জানা থাকলে সহজেই উত্তর বের করা যায়।

অর্থাৎ ০.১২ + ০.০০১২ + ০.০০০০১২ কে $০.\dot{১}\dot{২}$ আকারে লেখা যায়। আর এখানে $০.\dot{১}\dot{২} = \frac{১২}{৯৯} = \frac{৮}{৩৩}$

Roots

66. $\sqrt{-8} \times \sqrt{-2} =$ কত?

a) 4 b) $4i$
c) -4 d) $-4i$ ***ans.* C**

Solution: দেয়া আছে, $\sqrt{-8} \times \sqrt{-2}$

$= \sqrt{8(-1)} \times \sqrt{2 \times (-1)}$

$= \sqrt{8} \times i \times \sqrt{2} \times i$ $[\because \sqrt{-1} = i]$

$= \sqrt{8}\, i \times \sqrt{2}\, i = \sqrt{8 \times 2} \times i^2$

$= \sqrt{16} \times (-1)$ $[\because i^2 = -1]$

$= \sqrt{4^2} \times (-1) = 4 \times (-1) = -4$

Inequalities

67. $|x - 2| < 3$ হলে, m এবং n এর কোন মানের জন্য $m < 3x + 5 < n$ হবে?

a) $m = 1, n = 10$ b) $m = 2, n = 20$
c) $m = 3, n = 30$ d) $m = 4, n = 40$ ***ans.* B**

Recent Publication
VisionApps10

Solution: দেয়া আছে, $|x-2|<3$

$(x-2)$ ধনাত্মক হলে, $x-2<3$

$\Rightarrow x+2-2<3+2$

$\therefore x<5$

আবার, $(x-2)$ ঋনাত্মক হলে, $-(x-2)<3$

$\Rightarrow (x-2)>-3$

$\Rightarrow x-2+2>-3+2$

$\therefore x>-1$

অতএব, $-1<x<5$

$\Rightarrow -1\times 3<3x<5\times 3$

$\Rightarrow -3<3x<15$

$\Rightarrow -3+5<3x+5<15+5$

$\Rightarrow 2<3x+5<20$

$\therefore$ দেখা যাচ্ছে, $m=2$ এবং $n=20$.

Alternative: দেয়া আছে, $|x-2|<3$

$\Rightarrow -3<x-2<3$

$\Rightarrow -3+2<x-2+2<3+2$

$\Rightarrow -1<x<5$

$\Rightarrow -3<3x<15$ [3 দ্বারা গুণ করে]

$\Rightarrow -3+5<3x+5<15+5$

$\Rightarrow 2<3x+5<20$ কে $m<3x+5<n$ এর সাথে তুলনা করে পাই, $m=2$ এবং $n=20$.

Geometry (Rectangle)

68. একটি আয়তক্ষেত্রের দৈর্ঘ্য ৫% বৃদ্ধি করলে তার ক্ষেত্রফল শতকরা কত বৃদ্ধি পাবে?

a) ৫% b) ১০%

c) ২০% d) ২৫% ***ans.* A**

Solution: ধরি, আয়তক্ষেত্রের দৈর্ঘ্য ১০ একক

এবং প্রস্থ ১০ একক

∴ আয়তক্ষেত্রের ক্ষেত্রফল = ১০ × ১০ = ১০০ বর্গএকক

৫% বৃদ্ধিতে নতুন দৈর্ঘ্য = ১০ + ১০ এর ৫% একক

$= ১০ + \frac{১০ \times ৫}{১০০} = ১০ + ০.৫ = ১০.৫$ একক

∴ বর্ধিত ক্ষেত্রফল = ১০.৫ × ১০ = ১০৫ বর্গএকক

∴ ক্ষেত্রফল শতকরা বাড়বে = ১০৫ - ১০০ = ৫ বর্গএকক

Shortcut: আমরা জানি, দৈর্ঘ্য × প্রস্থ = ক্ষেত্রফল

এখানে দেখা যাচ্ছে যে, দৈর্ঘ্য ও প্রস্থ উভয়ই ক্ষেত্রফলের সমানুপাতিক।

তাই দৈর্ঘ্য ৫% বাড়লে ক্ষেত্রফলও ৫% বাড়বে।

Percentage (%)

69. চিনির মূল্য ১০% কমে যাওয়ায় চিনির ব্যবহার শতকরা কত ভাগ বাড়ালে চিনি বাবদ খরচ একই থাকবে?

a) $১১\frac{১}{৯}$% b) $৮\frac{১}{৩}$%

c) ১০% d) ৮% ***ans.* A**

Solution: চিনির মূল্য ১০% কমে যাওয়ায় চিনির বর্তমান মূল্য = ১০০ - ১০ = ৯০ টাকা

এখন, ৯০ টাকায় চিনির ব্যবহার বৃদ্ধি করতে হবে = ১০ টাকা

∴ ১০০ টাকায় চিনির ব্যবহার বৃদ্ধি করতে হবে

$= \frac{১০ \times ১০০}{৯০} = ১১\frac{১}{৯}$ টাকা

Geometry (Circle)

70. ৬ সে. মি. ব্যাসার্ধ বিশিষ্ট বৃত্তের অন্তঃস্থ একটি সমবাহু ত্রিভুজের ক্ষেত্রফল

a) $২১\sqrt{৩}$ বর্গ সে.মি. b) $২৩\sqrt{২}$ বর্গ সে. মি.

c) $২৫\sqrt{৩}$ বর্গ সে. মি. d) $২৭\sqrt{৩}$ বর্গ সে. মি.

***ans.* D**

Solution: প্রশ্নানুযায়ী প্রথমে চিত্র অঙ্কন করিঃ



এখানে, বৃত্তস্থ সমবাহু ত্রিভুজ হলো ABC. O হলো বৃত্তের কেন্দ্র। বৃত্তের ব্যাসার্ধ, OA = OB = R = 6 সেঃমিঃ।

AB = BC = CA = a ধরি,

বৃত্তস্থ সমবাহু ত্রিভুজের ক্ষেত্রে, $R=\frac{a}{\sqrt{3}}$

$\Rightarrow a=\sqrt{3}\times R=6\sqrt{3}$

∴ সমবাহু ত্রিভুজের ক্ষেত্রফল $=\frac{\sqrt{3}}{4}(a)^2$ বর্গ সেন্টিমিটার

$=\frac{\sqrt{3}}{4}(6\sqrt{3})^2=\frac{\sqrt{3}}{4}\times 36\times 3=\sqrt{3}\times 9\times 3$

$=27\sqrt{3}$ বর্গ সেন্টিমিটার

Fraction

71. $\frac{5}{12}, \frac{6}{13}, \frac{11}{24}$ এবং $\frac{3}{8}$ এর মধ্যে বড় ভগ্নাংশটি-

a) $\frac{5}{12}$ b) $\frac{6}{13}$

c) $\frac{11}{24}$ d) $\frac{3}{8}$ ***ans.* B**

Recent Publication
visionApps10

Solution: আমরা ভগ্নাংশগুলোকে তুলনা করে উত্তর বের করবোঃ

$\frac{5}{12} \times \frac{6}{13} = 65 < 72;$ তাই $\frac{5}{12} < \frac{6}{13}$

$\frac{6}{13} \times \frac{11}{24} = 144 > 143;$ তাই $\frac{6}{13} > \frac{11}{24}$

আবার, $\frac{6}{13} \times \frac{3}{8} = 48 > 39;$ তাই $\frac{6}{13} > \frac{3}{8}$

অতএব, বৃহত্তম ভগ্নাংশটি হলো $\frac{6}{13}$

Algebra

72. $a + b = 7$ এবং $ab = 12$ হলে, $\frac{1}{a^2} + \frac{1}{b^2}$ এর মান কত?

a) $\frac{3}{25}$ b) $\frac{25}{144}$

c) $\frac{31}{144}$ d) $\frac{11}{49}$ ***ans. B***

Solution: দেয়া আছে, $\frac{1}{a^2} + \frac{1}{b^2} = \frac{b^2 + a^2}{a^2b^2} = \frac{a^2 + b^2}{a^2b^2}$

$= \frac{(a+b)^2 - 2ab}{(ab)^2} = \frac{(7)^2 - 2 \times 12}{(12)^2}$ [মান বসিয়ে]

$= \frac{49 - 24}{144} = \frac{25}{144}$

Interest

73. বার্ষিক ১০% মুনাফায় ৮০০ টাকার ২ বছরের চক্রবৃদ্ধি মূলধন কত?

a) ৯৪০ টাকা b) ৯৬০ টাকা

c) ৯৬৮ টাকা d) ৯৮০ টাকা ***ans. C***

Solution: এখানে, মূলধন p = ৮০০ টাকা; বছর n = ২;
সুদ, r = ১০% এবং সুদাসল $c = p\left(1 + \frac{r}{100}\right)^n = ?$

অতএব, $c = p\left(1 + \frac{r}{100}\right)^n = ৮০০\left(১ + \frac{১০}{১০০}\right)^২$

$= ৮০০\left(১ + \frac{১}{১০}\right)^২ = ৮০০\left(\frac{১১}{১০}\right)^২ = ৮০০\ (১.১)^২$

= ৮০০ × ১.২১ = ৯৬৮

অর্থাৎ চক্রবৃদ্ধি মূলধন ৯৬৮ টাকা।

Logarithm

74. $\log_2 \log_{\sqrt{e}} e^2 = ?$

a) – 2 b) – 1

c) 1 d) 2 ***ans. D***

Solution: দেয়া আছে, $\log_2 \log_{\sqrt{e}} e^2$

$= \log_2 \times 2\log_{\sqrt{e}} e = \log_2 \times 2\log_{\sqrt{e}} (\sqrt{e})^2$

$= \log_2 \times 2 \times 2 \log_{\sqrt{e}} (\sqrt{e})$

$= \log_2 \times 4 \log_{\sqrt{e}} (\sqrt{e})$

$= \log_2 \times 4 \times 1$ $[\because \log_{\sqrt{e}} (\sqrt{e}) = 1]$

$= \log_2 4 = \log_2 2^2 = 2 \log_2 2$

$= 2 \times 1$ $[\because \log_2 2 = 1]$

$= 2$

Probability

75. ১ থেকে ৪৪০ পর্যন্ত সংখ্যাগুলোর একটি দৈবচয়ন পদ্ধতিতে নেওয়া হলে সংখ্যাটি বর্গসংখ্যা হওয়ার সম্ভাবনা

a) $\frac{১}{২২}$ b) $\frac{১}{৬৪}$

c) $\frac{১}{৬০}$ d) $\frac{২}{৬৫}$ ***ans. A***

Solution: ১ থেকে ৪৪০ পর্যন্ত মোট সংখ্যা ৪৪০টি।
এখানে, ১ থেকে ৪৪০ পর্যন্ত পূর্ণবর্গ সংখ্যা আছে ২০টি। কারণ, $২০^২$ = ৪০০ এর বেশি নেয়া যাবে না, তাই ২০টি হবে পূর্ণবর্গ সংখ্যা।

∴ নির্ণেয় সম্ভাবনা $= \frac{২০}{৪৪০} = \frac{১}{২২}$

Recent Publication

IQ

76. ৫০ মিনিট আগে সময় ছিল ৪টা বেজে ৪৫ মিনিট, ৬টা বাজতে আর কতক্ষণ সময় বাকি আছে?

a) ১৫ মিনিট b) ২০ মিনিট

c) ২৫ মিনিট d) ৩০ মিনিট ***ans. C***

Solution: বর্তমান সময় = ৪:৪৫ + ৫০ = ৫:৩৫

∴ নির্ণেয় সময় = ৬:০০ - ৫:৩৫ = ২৫ মিনিট।

IQ

77. স্ক্রু ও ঘড়ির কাঁটার ঘূর্ণন গতির দিক

a) একই দিকে b) উল্টো দিকে

c) উলম্ব রেখা d) সমান্তরালে ***ans. A***

Fraction

78. নিচের কোনটি সবচেয়ে ছোট সংখ্যা?

a) $\frac{১৮}{৩৬}$ b) $\frac{৫}{৩}$

c) $\frac{১৬}{৩১}$ d) $\frac{৪}{১২}$ ***ans. D***

Solution: ক্ষুদ্রতম ভগ্নাংশ নির্ণয় করার জন্য ভগ্নাংশগুলোর মধ্যে তুলনা করিঃ

$\frac{১৮}{৩৬} \times \frac{৫}{৩} = ৫৪ < ১৮০;$ তাই $\frac{১৮}{৩৬} < \frac{৫}{৩}$

আবার, $\frac{১৮}{৩৬} \times \frac{১৬}{৩১} = ৫৫৮ < ৫৭৬;$ তাই $\frac{১৮}{৩৬} < \frac{১৬}{৩১}$

visionApps10

আবার, $\frac{১৮}{৩৬} \times \frac{৪}{১২} = ২১৬ > ১৪৪$; তাই $\frac{১৮}{৩৬} > \frac{৪}{১২}$

অর্থাৎ ক্ষুদ্রতম ভগ্নাংশ $\frac{৪}{১২}$

IQ

79. $০.১ \times ৩.৩৩ \times ৭.১ = ?$

a) ৭.১৫ b) ৫.১৮
c) ২.৩৬ d) ১.৯৮ ***ans.* C**

Solution: $০.১ \times ৩.৩৩ \times ৭.১ = ০.৭১ \times ৩.৩৩ = ২.৩৬$

Percentage (%)

80. একজন ব্যক্তির বেতন ৫% কমেছে। কিন্তু এক বছর পর তা আবার ৫% বেড়েছে। মোটের উপর তার বেতন শতকরা কত বৃদ্ধি বা হ্রাস পেয়েছে?

a) ০.৫% বেড়েছে b) ০.২৫% বেড়েছে
c) ০.২৫% কমেছে d) ০.৫% কমেছে ***ans.* C**

Solution: ধরি, লোকটির মূলবেতন ১০০ টাকা

৫% হ্রাসে বর্তমান বেতন = ১০০ - ১০০ এর ৫%

$= ১০০ - \frac{৫০০}{১০০} = ১০০ - ৫ = ৯৫$ টাকা

বেতন আবার ৫% বৃদ্ধিতে বর্তমান বেতন হবে

= ৯৫ + ৯৫ এর ৫%

$= ৯৫ + \frac{৯৫ \times ৫}{১০০} = ৯৫ + ৪.৭৫ = ৯৯.৭৫$ টাকা

∴ বেতন শতকরা হ্রাস পায় = ১০০ - ৯৯.৯৫ = ০.২৫ টাকা

Shortcut: শতকরা হ্রাস পায় $= A + B + \frac{A \times B}{100}$

$= ৫ - ৫ + \frac{৫০ \times (-৫)}{১০০} = -০.২৫\%$

81. কোন বানানটি শুদ্ধ?

a) Encyclopedea b) Encyclopedia
c) Enciclopadia d) Incyclopedia ***ans.* B**

Solution: Encyclopedia অর্থ বিশ্বকোষ; জ্ঞানকোষ।

Analogy

82. ঘড়ি : কাঁটা :: থার্মোমিটার : ?

a) ফারেনহাইট b) তাপমাত্রা
c) চিকিৎসা d) পারদ ***ans.* D**

Solution: ঘড়িতে সময় পরিমাপ করতে হয় কাঁটার সাহায্যে। আর থার্মোমিটারে তাপমাত্রা পরিমাপ করতে হয় পারদের সাহায্যে।

Number Concept

83. ১০০ থেকে ২০০ এর মধ্যে ৩ দ্বারা বিভাজ্য সংখ্যা কয়টি?

a) ৩১ b) ৩২
c) ৩৩ d) ৩৪ ***ans.* C**

Solution: সংখ্যার সীমা হলো ১০০ থেকে ২০০ পর্যন্ত

১ম সংখ্যা a = ১০২ [কারণ ১০০ ও ১০১ সংখ্যাদ্বয় ৩ দ্বারা বিভাজ্য নয়]

সাধারণ অন্তর, d = ৩ [কারণ ৩ দ্বারা বিভাজ্য ১ম সংখ্যা ও ২য় সংখ্যার পার্থক্য ৩ হবে]

∴ শেষ সংখ্যা = ১৯৮

∴ পদসংখ্যা $= \frac{\text{শেষ পদ - ১ম পদ}}{\text{সাধারণ অন্তর}} + ১$

$= \frac{১৯৮ - ১০২}{৩} + ১ = \frac{৯৬}{৩} + ১ = ৩২ + ১ = ৩৩$

84. 'তিনি আমার কথা রাখলেন না, তিনি রাখলেন ----- সাহেবের কথা'।

a) আইয়ুব খান b) ইয়াহিয়া খান
c) ভুট্টো d) কিসিঞ্জার ***ans.* C**

Solution: জাতির জনক বঙ্গবন্ধু কর্তৃক ঐতিহাসিক ৭ই মার্চের ভাষণের একটি লাইন হলো 'তিনি আমার কথা রাখলেন না, তিনি রাখলেন **ভুট্টো** সাহেবের কথা'।

উল্লেখ্য, ৭ই মার্চের ভাষণের প্রথম বাক্য ছিলো 'আজ দুঃখ ভারাক্রান্ত মন নিয়ে আপনাদের সামনে হাজির হয়েছি'। এই ভাষণে ৬টি রাজনৈতিক কর্মসূচি এবং ৪টি দাবির কথা বলেছেন। ভাষণটি সংরক্ষণ করেন মুহিবুর রহমান খাঁ। এ ভাষণে ৩৫টি বিধির কথা বলা হয়। এটি বিশ্বের ১০টি ভাষণের মধ্যে অন্যতম।

Direction

85. রহিম উত্তর দিকে ১০ মাইল হেঁটে ডানদিকে ঘুরে ৫ মাইল হাঁটেন। তারপর ডানদিকে ঘুরে ২ মাইল হাঁটেন। তিনি কোন দিকে হাঁটছেন?

a) পূর্ব b) পশ্চিম
c) উত্তর d) দক্ষিণ ***ans.* D**

Solution: আসুন প্রথমে প্রশ্নের মতো করে Direction নির্ণয় করিঃ



অর্থাৎ C বিন্দু হতে ডানদিকে হবে দক্ষিণ দিক বরাবর।

Recent Publication
visionApps10

86. নিচের কোন অক্ষরগুলো পুনর্বিন্যাস করে একটি অর্থবোধক শব্দ তৈরি করা যায়?

a) রা ত্র হো অ　　b) র বা ধী প নি

c) দ্র তা রি দা　　d) সা ব ব অ ধ্যা　　***ans. A***

Solution: 'রা ত্র হো অ' পুনর্বিন্যাস করলে দাঁড়ায় 'অহোরাত্র' যার অর্থ হলো দিবারাত্র; সর্বক্ষণ।

IQ

87. প্রশ্নবোধক চিহ্নিত স্থানে কোন সংখ্যা বসবে?



a) ১৮　　b) ৬৮

c) ৮১　　d) ৪৪　　***ans. B***

Solution: এখানে,

১ম ত্রিভুজে = (৮ × ৪) + ৭ = ৩২ + ৭ = ৩৯

২য় ত্রিভুজে = (৩ × ৬) + ৯ = ১৮ + ৯ = ২৭

৩য় ত্রিভুজে = (৭ × ৯) + ৫ = ৬৩ + ৫ = ৬৮

IQ

88. 'RELATION' এর আয়নায় প্রতিবিম্ব কোনটি হবে?

a)

b) 

c) 

d) 　　***ans. A***

IQ

89. পাঁচজন ব্যক্তি ট্রেনে ভ্রমণ করছেন। তাঁরা হলেন ক, খ, গ, ঘ, ঙ। ক হলেন গ এর মা, গ আবার ঙ এর স্ত্রী। ঘ হলেন ক এর ভাই এবং খ হলেন ক এর স্বামী। ঙ এর সঙ্গে খ এর সম্পর্ক কী?

a) শ্বশুর　　b) পিতা

c) চাচা　　d) ভাই　　***ans. A***

Solution: 'গ' হলেন 'ঙ' এর স্ত্রী।
আবার 'গ' এর বাবা হলেন 'খ'।
∴ 'খ' হলেন 'ঙ' এর শ্বশুর।

IQ

90. যদি মাসের ২য় দিন সোমবার হয়, তবে মাসের ১৮তম দিন কী বার হবে?

a) রবিবার　　b) সোমবার

c) মঙ্গলবার　　d) বুধবার　　***ans. D***

Solution: এখানে, ১৮ - ২ = ১৬ = (৭ × ২) + ২
= সোমবার + ২ দিন = বুধবার।

91. কোন মূল্যবোধ রাষ্ট্র, সরকার ও গোষ্ঠী কর্তৃক স্বীকৃতি?

a) সামাজিক মূল্যবোধ　　b) ইতিবাচক মূল্যবোধ

c) গণতান্ত্রিক মূল্যেবোধ　　d) নৈতিক মূল্যবোধ　　***ans. B***

Solution: যে চিন্তাভাবনা, লক্ষ্য, উদ্দেশ্যে ও সংকল্প মানুষের সামাজিক আচার ব্যবহার ও কর্মকাণ্ডকে নিয়ন্ত্রিত ও পরিচালিত করে তার সমষ্টিকে সামাজিক মূল্যবোধ বলে। সামাজিক মূল্যবোধ হচ্ছে সমাজের মানুষের আচরণের মানদণ্ড ও মাপকাঠি। সামাজিক মূল্যবোধ হচ্ছে শিষ্টাচার, সততা, ন্যায়পরায়ণতা, সহনশীলতা, সহমর্মিতাবোধ, শৃঙ্খলাবোধ, সৌজন্যবোধ ইত্যাদি সুকুমার বৃত্তি বা গুণাবলির সমষ্টি। সামাজিক মূল্যবোধের মাপকাঠিতে মানুষের কাজের ভাল মন্দের বিচার করা হয়।

গণতান্ত্রিক মূল্যবোধঃ একটি গণতান্ত্রিক রাষ্ট্রে যে লক্ষ, চিন্তাভাবনা, উদ্দেশ্যে ও সংকল্প মানুষের গণতান্ত্রিক আচার ব্যবহার ও দৈনন্দিন কর্মকাণ্ডকে নিয়ন্ত্রিত ও পরিচালিত করে তাকে গণতান্ত্রিক মূল্যবোধ বলে। গণতান্ত্রিক রাষ্ট্রে এ সব মূল্যবোধ মানুষের ইচ্ছার একটি প্রধান মানদণ্ড। **নৈতিক মূল্যবোধঃ** নীতি ও ঔচিত্যবোধ থেকে নৈতিক মূল্যবোধকে বিবেচনা করা হয়। নৈতিক মূল্যবোধ ব্যক্তির জীবনকে উন্নত মানে নিয়ে যায়।

92. কে 'কর্তব্যের নৈতিকতা'র ধারণা প্রবর্তন করেন?

a) হ্যারল্ড উইলসন　　b) এডওয়ার্ড ওসবর্ন উইলসন

c) জন স্টুয়ার্ট মিল　　d) ইমানুয়েল কান্ট　　***ans. D***

Solution: ইমানুয়েল কান্ট 'কর্তব্যের নৈতিকতা'র ধারণা প্রবর্তন করেন। জার্মান দার্শনিক ইমানুয়েল কান্ট (১৭২৪-১৮০৪) আধুনিক দর্শনের কেন্দ্রীয় অবস্থানটি ধারণ করে আছেন। তার অন্যতম তিনটি বই হচ্ছে 'দি ক্রিটিক অব পিওর রিজন' (১৭৮১), 'দি ক্রিটিক অব প্র্যাকটিক্যাল রিজন' (১৭৮৮) এবং 'দি ক্রিটিক অব দি পাওয়ার অব জাজমেন্ট' (১৭৯০)।

93. সভ্যতার অন্যতম প্রতিচ্ছবি হলো

a) সুশাসন　　b) রাষ্ট্র

c) নৈতিকতা　　d) সমাজ　　***ans. D***

Solution: সভ্যতার অন্যতম প্রতিচ্ছবি হলো সমাজ। কারণ সমাজের মাধ্যমে কোন একটি সভ্যতা প্রতিষ্ঠা লাভ করে। কোনো সমাজ ছাড়াই কোনা সভ্যতা প্রতিষ্ঠিত হতে পারে না। এজন্য রাষ্ট্রবিজ্ঞানের জনক গ্রীক দার্শনিক এরিস্টটল বলেছেন 'মানুষ স্বভাবতই সামাজিক ও রাজনৈতিক জীব এবং যে সমাজে বাস করেনা, সে দেবতা না হয় পশু'।

Recent Publication

VisionApps10

94. 'সুশাসন চারটি স্তম্ভের ওপর নির্ভরশীল'। এই অভিমত কোন সংস্থা প্রকাশ করে?

a) জাতিসংঘ b) জাতিসংঘ উন্নয়ন কর্মসূচি
c) এশিয়া উন্নয়ন ব্যাংক d) বিশ্বব্যাংক ***ans.* D**

Solution: 'সুশাসন চারটি স্তম্ভের ওপর নির্ভরশীল'। এই অভিমত বিশ্বব্যাংক প্রকাশ করে। ২০০০ সালে বিশ্বব্যাংক প্রকাশ করে যে, সুষ্ঠ গর্ভন্যান্স বা সুশাসন চারটি প্রধান স্তম্ভের উপর প্রতিষ্ঠিত। এগুলো হলোঃ দায়িত্বশীলতা, স্বচ্ছতা, আইনি কাঠামো এবং অংশগ্রহণ।

95. "Political Ideals" গ্রন্থের লেখক কে?

a) মেকিয়াভেলি b) রাসেল
c) প্লেটো d) এরিস্টটল ***ans.* B**

Solution: "Political Ideals" গ্রন্থটি লিখেছেন ব্রিটিশ দার্শনিক 'Bertrand Rusell'. মেকিয়াভেলির সবচেয়ে বিখ্যাত বই হলো 'The Prince'. প্লেটোর সবচেয়ে বিখ্যাত বই হলো 'The Republic'. এরিস্টটলের সবচেয়ে বিখ্যাত বই হলো 'The Politics'.

96. গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের কোন অনুচ্ছেদে জনস্বাস্থ্য ও নৈতিকতার বিষয়টি আলোচিত হয়েছে?

a) অনুচ্ছেদ ১৩ b) অনুচ্ছেদ ১৮
c) অনুচ্ছেদ ২০ d) অনুচ্ছেদ ২৫ ***ans.* B**

Recent Publication

Solution: গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১৮নং অনুচ্ছেদে জনস্বাস্থ্য ও নৈতিকতার বিষয়টি আলোচিত হয়েছে।

অনুচ্ছেদ ১৩	মালিকানার নীতি।
অনুচ্ছেদ ২০	অধিকার ও কর্তব্যরূপে কর্ম।
অনুচ্ছেদ ২৫	আন্তর্জাতিক শান্তি, নিরাপত্তা ও সংহতির উন্নয়ন।

97. মূল্যবোধের গুরুত্বপূর্ণ বৈশিষ্ট্য হলো-

a) বিভিন্নতা b) পরিবর্তনশীলতা
c) আপেক্ষিকতা d) সবগুলোই ***ans.* D**

Solution: মূল্যবোধের বৈশিষ্ট্যঃ

০১. **পরিবর্তনশীলতাঃ** পরিবর্তনশীলতা মূল্যবোধের একটি প্রধান বৈশিষ্ট্য। সামাজিক পরিবর্তনের সাথে মূল্যবোধের পরিবর্তন ঘটে। বর্তমানে যে মূল্যবোধ আমাদের নিকট আকর্ষনীয় বলে গৃহীত হয়, কালের আবর্তে তাই আবার নিতান্ত অগ্রহণযোগ্য বলে মনে হয়। সামাজিক চাহিদার ওর ভিত্তি করে এটি পরিবর্তিত হয়।

০২. **বিভিন্নতাঃ** মূল্যবোধের ওপর একটি বৈশিষ্ট্য হলো 'বিভিন্নতা'। মূল্যবোধ বিভিন্ন সমাজে বিভিন্ন ধরণের হয়ে থাকে। যেমনঃ পাশ্চাত্য দেশ সমূহে মদ্যপান নিত্যনৈমিত্তিক ব্যাপার কিন্তু আমাদের সমাজে এটি ঘৃণার কাজ। তাই দেখা যায় যে, মূল্যবোধ স্থান কাল পাত্রভেদে বিভিন্নরূপ পরিগ্রহ করে।

০৩. **সামাজিক মাপকাঠি।** ০৪. **নৈতিক প্রাধান্য।**

০৫. **সামাজিক সেতুবন্ধন।**

০৬. **আপেক্ষিকতাঃ** মূল্যবোধা বৈচিত্রময় এবং আপেক্ষিক। আজ যা মূল্যবোধ বলে পরিগণিত, কাল তা সেভাবে বিবেচিত নাও হতে পারে।

98. মূল্যবোধ দৃঢ় হয়

a) গণতন্ত্র চর্চার মাধ্যমে b) সুশাসনের মাধ্যমে
c) ধর্মের মাধ্যমে d) শিক্ষার মাধ্যমে ***ans.* D**

Solution: মূল্যবোধ দৃঢ় হয় শিক্ষার মাধ্যমে। পরিবারের মাধ্যমে শিশুকাল থেকেই মূল্যবোধ গঠনের ভিত্তি রচিত হয়। বয়স বৃদ্ধির সাথে সাথে কিছু মূল্যবোধ দৃঢ় হয় এবং কিছু মূল্যবোধ হারিয়ে যায়। আবার কিছু মূল্যবোধ পরিশোধিত হয়ে মার্জিত ও সুন্দর রূপ ধারণ করে। গবেষণায় দেখা যায়, কিছু মূল্যবোধ জন্মগত এবং কিছু মূল্যবোধ অর্জিত। মূল্যবোধ বিকাশের ভিত্তি হলোঃ ব্যক্তির জৈবিক ও জন্মগত চাহিদা; পারিবারিক ঐতিহ্য, রীতিনীতি; ধর্ম ও বিশ্বাস; দল; শিক্ষা ও সংস্কৃতি; সাহিত্য, গণমাধ্যম, বিজ্ঞান ও প্রযুক্তি, শিল্পকলা, গবেষণা ইত্যাদি।

99. প্লেটো 'সদগুণ' বলতে বুঝিয়েছেন-

a) প্রজ্ঞা, সাহস, আত্মনিয়ন্ত্রণ ও ন্যায়
b) আত্মপ্রত্যয়, প্রেষণা ও নিয়ন্ত্রণ
c) সুখ, ভালোত্ব ও প্রেম
d) প্রজ্ঞা, আত্মনিয়ন্ত্রণ, সুখ ও ন্যায় ***ans.* A**

Solution: বিখ্যাত দার্শনিক ছিলেন প্লেটো। তিনি ছিলেন দার্শনিক সক্রেটিসের যোগ্য শিষ্য। তাঁর প্রধান তত্ত্বসমূহ ছিলঃ ন্যায়তত্ত্ব, সাম্যবাদ তত্ত্ব, দার্শনিক রাজা, শিক্ষাতত্ত্ব, সর্বাত্মকবাদ তত্ত্ব, আদর্শ রাষ্ট্র। প্লেটো মনে করতেন, ন্যায়বিচার হলো যার যা পাওনা তা দিয়ে দেওয়া। যে ব্যক্তি যে কাজে যোগ্য তাকে সে কাজের দায়িত্ব দেওয়া। তিনি বলতেন, শাসক ন্যায়বান হলে আইন দরকার নেই। কিন্তু শাসক দুর্নীতিপরায়ণ হলে সেখানে আইন মূল্যহীন। তিনি মানবমনের 'ক্ষুধা, সাহস ও প্রজ্ঞা' এই তিন প্রবণতার কথাও বলেন।

100. 'রাষ্ট্রের সকল ক্ষেত্রে উন্নয়নের জন্য সুশাসন আবশ্যক'। কে এই উক্তি করেন?

a) এইচ. ডি. স্টেইন b) এম. ডব্লিউ. পামফ্রে
c) মিশেল ক্যামডেসাস d) জন স্মিথ ***ans.* C**

Solution: রাষ্ট্র পরিচালনার পদ্ধতি, জনগণের সাথে সরকারের সম্পর্ক, আইনের শাসন প্রতিষ্ঠা, দায়িত্বশীল সরকার প্রতিষ্ঠা, জবাবদিহিমূলক প্রশাসন এবং নাগরিক অধিকার নিশ্চিত করার জন্য সুশাসন প্রতিষ্ঠা অত্যন্ত জরুরি। যেসব কারণে সুশাসন প্রতিষ্ঠা অত্যন্ত জরুরি তার মধ্যে উল্লেখযোগ্য হলোঃ জবাবদিহিমূলক প্রশাসন

VisionApps10

গড়া, সরকারের স্থিতিশীলতা আনয়নে অবাধ তথ্যপ্রবাহ নিশ্চিতকরণ, দক্ষ ও দুর্নীতিমূলক প্রশাসন গড়া, নাগরিক সেবা বৃদ্ধিতে প্রযুক্তিগত সুবিধা ব্যবহারে সচেষ্ট হওয়া ইত্যাদি।

101.বাংলা ভাষায় প্রথম অভিধান সংকলন করেন কে?

a) রামচন্দ্র বিদ্যাবাগীশ b) রাজশেখর বসু
c) অশোক মুখোপাধ্যায় d) হরিচরণ দে **ans. A**

Solution: বাংলা ভাষায় (বাংলা থেকে বাংলা) প্রথম অভিধান সংকলন করেন রামচন্দ্র বিদ্যাবাগীশ। তিনি ১৮১৭ সালে এটি সংকলন করেন। বাংলা একাডেমি ১৯৯২ সালে অখণ্ড পূর্ণাঙ্গ সংস্করণে 'বাংলা একাডেমি ব্যবহারিক বাংলা অভিধান' নামে অভিধান প্রকাশ করে।

102.সবচেয়ে কম বয়সে কোন লেখক বাংলা একাডেমি পুরস্কার পান?

a) সৈয়দ শামসুল হক b) সেলিনা হোসেন
c) আখতারুজ্জামান ইলিয়াস d) শওকত আলী **ans. A**

Solution: সৈয়দ শামসুল হক একজন বিখ্যাত সাহিত্যেক যিনি ১৯৩৫ সালের ২৭ ডিসেম্বর কুড়িগ্রামে জন্মগ্রহণ করেন। কবিতা, উপন্যাস, নাটক, ছোটগল্প তথা সাহিত্যের সকল শাখায় সাবলীল পদচারণার জন্য তাঁকে সব্যসাচী লেখক বলা হয়। তিনি মাত্র ২৯ বছর বয়সে ১৯৬৬ সালে তিনি বাংলা একাডেমি পুরস্কার পান। বাংলা একাডেমি পুরস্কার পাওয়া সাহিত্যিকদের মধ্যে তিনিই সবচেয়ে কম বয়সে এ পুরস্কার লাভ করেছেন। উল্লেখ্য, ছোটগল্পে অবদান রাখার জন্য ১৯৬৮ সালে শওকত আলী বাংলা একাডেমি সাহিত্য পুরস্কার লাভ করেন। উপন্যাসে অবদান রাখার জন্য ১৯৮০ সালে সেলিনা হোসেন বাংলা একাডেমি সাহিত্য পুরস্কার লাভ করেন। ছোটগল্পে অবদান রাখার জন্য ১৯৮২ সালে আখতারুজ্জামান ইলিয়াস বাংলা একাডেমি সাহিত্য পুরস্কার লাভ করেন।

103."সবকিছু নষ্টদের অধিকারে যাবে" গ্রন্থটির রচয়িতা কে?

a) সৈয়দ আলী আহসান b) সুকান্ত ভট্টাচার্য
c) হুমায়ুন আজাদ d) নির্মলেন্দু গুণ **ans. C**

Solution: 'সবকিছু নষ্টদের অধিকারে যাবে' গ্রন্থটির রচয়িতা হলেন হুমায়ুন আজাদ। এই কাব্যগ্রন্থটি ১৯৮৫ সালে ঢাকার আগামী প্রকাশনী থেকে গ্রন্থাকারে প্রকাশিত হয়।

104.১৯৭১ সালে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্রমৃত্যুর প্রতিবাদে কোন উপাচার্য পদত্যাগ করেছিলেন?

a) স্যার এ. এফ. রহমান
b) রমেশচন্দ্র মজুমদার
c) সৈয়দ সাজ্জাদ হোসায়েন
d) বিচারপতি আবু সাঈদ চৌধুরী **ans. D**

Solution: উনসত্তরের গণ-অভ্যুত্থানের পর ইয়াহিয়া খানের সামরিক সরকার বিচারপতি আবু সাঈদ চৌধুরীকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য হিসেবে নিয়োগ করেন। একাত্তরের ২৫ মার্চ যখন পাকিস্তানি সামরিক বাহিনী বাংলাদেশে গণহত্যা শুরু করে, তখন তিনি জাতিসংঘের মানবাধিকার কমিশনের অধিবেশনে যোগদানের জন্য জেনেভায় ছিলেন। সেখানে থাকা অবস্থায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের দুজন ছাত্রের মৃত্যুর খবর পেয়ে পদত্যাগ করেন।

105.তেভাগা আন্দোলনকেন্দ্রিক উপন্যাস কোনটি?

a) অক্টোপাস b) কালো বরফ
c) ক্রীতদাসের হাসি d) নাঢ়াই **ans. D**

Solution: শওকত আলী রচিত তেভাগা আন্দোলনকেন্দ্রিক উপন্যাস হলো 'নাঢ়াই'। এই উপন্যাসে- গরিব কৃষকের ঘরে এক বালক সন্তানের অল্পবয়সী মা ফুলমতি বিধবা হলে শুরু হয় তার বাঁচার লড়াই। লোভ, লালসা, সম্পদ আর সম্ভ্রম লুণ্ঠনের নানান চক্রান্তের বিরুদ্ধে তাকে লড়াই করতে হয়। তবে লড়াই ক্রমে একাকার হয়ে যায় গরিব কৃষকের লড়াই তেভাগার সঙ্গে। এই প্রক্রিয়ার বিবরণ নিয়েই লেখা শওকত আলীর উপন্যাস 'নাঢ়াই'। 'অক্টোপাস' হলো শামসুর রাহমানের একটি মনস্তাত্ত্বিক উপন্যাস। 'কালো বরফ' হলো মাহমুদুল হকের দেশ ভাগ নিয়ে লেখা উপন্যাস। আর 'ক্রীতদাসের হাসি' হলো শওকত ওসমানের একটি উপন্যাস যাতে স্বৈরশাসক আইয়ুব খানের শাসনামলকে ব্যঙ্গ করা হয়েছে।

106.কাজী নজরুল ইসলামের মোট ৫টি গ্রন্থ বিভিন্ন সময়ে ব্রিটিশ ঔপনিবেশিক সরকার বাজেয়াপ্ত করে। কোন বইটি প্রথম বাজেয়াপ্ত হয়?

a) বিষের বাঁশি b) যুগবাণী
c) ভাঙার গান d) প্রলয় শিখা **ans. B**

Solution: কাজী নজরুল ইসলামের 'বিষের বাঁশি', 'ভাঙার গান,' 'প্রলয় শিখা', 'চন্দ্রবিন্দু', 'যুগবাণী' এই ৫টি গ্রন্থ নিষিদ্ধ করে ব্রিটিশ ঔপনিবেশিক সরকার। তবে ১৯২২ সালে 'ধূমকেতু' তে প্রকাশিত যুগবাণীর 'আনন্দময়ীর আগমণে' শীর্ষক কবিতাটি প্রথম নিষিদ্ধ হয়।

107.তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায় বাংলাদেশের মুক্তিযুদ্ধ চলাকালেই এই মুক্তিযুদ্ধ নিয়ে একটি উপন্যাস রচনা করেছেন, যা ১৯৭২ সালে প্রকাশিত হয়। উপন্যাসটির নাম কী?

a) চৈতালী ঘূর্ণি b) রক্তের অক্ষর
c) বায়ান্ন বাজার তিপ্পান্ন গলি d) ১৯৭১ **ans. D**

Solution: তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায় রচিত বাংলাদেশের স্বাধীনতা সংগ্রামের কাহিনি নিয়ে রচিত উপন্যাস হলো 'একটি কালো মেয়ের কথা' (১৯৭১)। তারাশঙ্কর তার

Recent Publication

visionApps10

'১৯৭১' উপন্যাসে তুলে ধরেছেন একাত্তরের গ্রামীণ জীবনের চিত্র। উপন্যাসের কেন্দ্রীয় নাজমা নামের একটি কালো মেয়ে এই উপন্যাসে হয়ে উঠেছে একাত্তরে হাজার নারীর প্রতীক। সেই সঙ্গে সহচরিত্র- রহিম, মিঃ সেন ও ছায়ার মাধ্যমে সময়ের মুখ খুলে দিয়েছে এ কথাশিল্পী। যার পরতে পরতে রয়েছে হৃদয়ছোঁয়া মা-মাটি-মানুষের ভালোবাসা। উল্লেখ্য, 'চৈতালী ঘূর্ণি' দারিদ্র্যের কষাঘাতে জর্জরিত মানুষদের নিয়ে লেখা তারাশঙ্করের একটি উপন্যাস। 'রক্তের অক্ষর' সমাজের একেবারে নিম্নবর্গীর মানুষদের কেন্দ্র করে রচিত রিজিয়া রহমানের একটি উপন্যাস।

***108.*'সোমত্ত' শব্দটির উৎপত্তি কোন শব্দ থেকে?**

a) সোপান b) সমর্থ

c) সোল্লাস d) সওয়ার **ans. B**

Solution: 'সোমত্ত' শব্দের অর্থ হলো সমর্থ; বিয়ের উপযুক্ত; যৌবনপ্রাপ্ত; বয়ঃপ্রাপ্ত।

***109.*মুক্তিযুদ্ধভিত্তিক নাটক কোনটি?**

a) ছেঁড়াতার b) কী চাহ হে শঙ্খচিল

c) বাকী ইতিহাস d) ঢাকা **ans. B**

Solution: মমতাজউদদীন আহমেদ আমাদের সাহিত্য জগতে একজন কীর্তিমান নাট্যব্যক্তিত্ব। এখন পর্যন্ত তিনিই সবচেয়ে বেশি মুক্তিযুদ্ধভিত্তিক নাটক রচনা করেছেন। 'কী চাহ হে শঙ্খচিল' নাটকটি তিনি মুক্তিযুদ্ধপরবর্তীকালে মুক্তিযুদ্ধকে নিয়ে মানুষের পাওয়া না পাওয়া বেদনা, হারানোর বেদনা মূর্তি নির্মাণ করেছেন। কিছু মুক্তিযুদ্ধভিত্তিক নাটকঃ

নাটকের নাম	রচয়িতা
'নরকে লাল গোলাপ' এবং 'নিঃশব্দ যাত্রা'	আলাউদ্দিন আল আজাদ
আয়নায় বন্ধুর মুখ	আবদুল্লাহ আল মামুন
পায়ের আওয়াজ পাওয়া যায়	সৈয়দ শামসুল হক
যে অরণ্যের আলো নেই	নীলিমা ইব্রাহীম

***110.*নিঃশ্বাসের স্বল্পতম প্রয়াসে উচ্চারিত ধ্বনি বা ধ্বনিগুচ্ছকে কী বলে?**

a) যৌগিক ধ্বনি b) অক্ষর

c) মৌলিক স্বরধ্বনি d) বর্ণ **ans. B**

Solution: নিঃশ্বাসের স্বল্পতম প্রয়াসে একই বক্ষঃস্পন্দনের ফলে (By a single breath pulse) যে ধ্বনি বা ধ্বনিগুচ্ছ একবার উচ্চারিত হয় তাকে অক্ষর (Syllable) বলে। (এটি একটি সংজ্ঞা। আর এই সংজ্ঞাটি দিয়েছেন ভাষা বিশেষজ্ঞ 'মুহাম্মদ আব্দুল হাই'।) যেমনঃ 'বন্ধন' শব্দে 'বন্ + ধন্' এ দুটো অক্ষর কিন্তু, ব-ন্-ধ-ন্ এগুলো অক্ষর নয়। এগুলো হলো বর্ণ বা হরফ মাত্র।

***111.*ইংরেজি ভাষায় জীবনানন্দ দাশের ওপর গ্রন্থ লিখেছেন কে?**

a) ডব্লিউ বি ইয়েটস b) ক্লিনটন বি সিলি

c) অরুন্ধতী রায় d) অমিতাভ ঘোষ **ans. B**

Solution: ইংরেজি ভাষায় জীবনানন্দ দাশের ওপর গ্রন্থ লিখেছেন ক্লিনটন বি সিলি। আর গ্রন্থটির নাম হলো 'অ্যা পোয়েট অ্যাপার্ট'। উল্লেখ্য, ক্লিনটন বি সিলি হলেন একজন আমেরিকান একাডেমিক অনুবাদক এবং বাংলা ভাষা ও সাহিত্যের একজন পণ্ডিত।

***112.*'বাবা ছেলের দীর্ঘায়ু কামনা করলেন' এই পরোক্ষ উক্তির প্রত্যক্ষরূপ হবে**

a) বাবা ছেলেকে বললেন, বাবা তুমি দীর্ঘজীবী হও

b) বাবা ছেলেকে বললেন যে, তোমার দীর্ঘায়ু হোক

c) বাবা ছেলেকে বললেন, 'তুমি দীর্ঘজীবী হও'

d) বাবা ছেলেকে বললেন যে, আমি তোমার দীর্ঘায়ু কামনা করি **ans. C**

***113.*'গ্রামবার্তা প্রকাশিকা' পত্রিকাটি কোন স্থান থেকে প্রকাশিত?**

a) ময়মনসিংহের ত্রিশাল b) নওগাঁর পতিসর

c) কুষ্টিয়ার কুমারখালী d) ঢাকায় পল্টন **ans. C**

Solution: 'গ্রামবার্তা প্রকাশিকা' (১৮৬৩) পত্রিকাটি কুষ্টিয়ার কুমারখালী স্থান থেকে প্রকাশিত। আর এই পত্রিকার সম্পাদক ছিলেন কাঙাল হরিনাথ। 'গ্রামবার্তা প্রকাশিকা'য় সাহিত্য, দর্শন, বিজ্ঞান ইত্যাদি বিষয়ক প্রবন্ধ এবং নীলকর সাহেবদের শোষণের কাহিনি স্থান পেত।

Recent Publication

***114.*জীবনী সাহিত্যের ধারা গড়ে ওঠে কাকে কেন্দ্র করে?**

a) শ্রীচৈতন্যদেব b) রামকৃষ্ণ পরমহংসদেব

c) বিদ্যাপতি d) কাহ্নপা **ans. A**

Solution: বাংলা সাহিত্যে একটি পঙক্তি না লিখলেও শ্রী চৈতন্য দেবের নামে একটি যুগের সৃষ্টি হয়েছে। বৈষ্ণব সাহিত্যের জীবনীকাব্য মূলত তাঁকে কেন্দ্র করেই গড়ে উঠে। শ্রী চৈতন্যদেবের প্রথম জীবনীগ্রন্থের নাম বৃন্দাবন দাস রচিত 'চৈতন্য-ভাগবত'; শ্রী চৈতন্যদেবের দ্বিতীয় জীবনীগ্রন্থের নাম লোচন দাস রচিত 'চৈতন্য-মঙ্গল'; শ্রী চৈতন্যদেবের সবচেয়ে তথ্যবহুল জীবনীগ্রন্থের নাম কৃষ্ণদাস কবিরাজের 'চৈতন্য-চরিতামৃত'।

***115.*'পরানের গহীন ভিতর' কাব্যের কবি কে?**

a) অসীম সাহা b) সৈয়দ শামসুল হক

c) আবু জাফর ওবায়দুল্লাহ d) অরুণ বসু **ans. B**

Solution: 'পরানের গহীন ভিতর' কাব্যের কবি হলেন সৈয়দ শামসুল হক। সাহিত্যের এমন কোন শাখা নেই, যেখানে তিনি সফল হয়নি। ৮১ বছরের জীবনে দুই শতাধিক বই লিখেছেন তিনি। কবিতার বইয়ের সংখ্যাও অনেক। কাব্যগ্রন্থগুলোর মধ্যে আঞ্চলিক ভাষায় লেখা 'পরানের গহীন ভিতর' তুমুল আলোচিত বই। বইটি প্রথম প্রকাশ পায় ১৯৮০ সালে। এখনও বাংলা কবিতার পাঠকদের কাছে বইটি সমান সমাদৃত।

visionApps10

116.'এবার আমার একটি বিচিত্র অভিজ্ঞতা হলো' এ বাক্য কোন ধরনের?

a) অনুজ্ঞাবাচক　　b) নির্দেশাত্মক
c) বিস্ময়বোধক　　d) প্রশ্নবোধক　　**ans. B**

Solution: 'এবার আমার একটি বিচিত্র অভিজ্ঞতা হলো' এ বাক্য হলো নির্দেশাত্মক। যে বাক্যে কোনো বক্তব্য সাধারণভাবে বিবৃত বা নির্দেশ করা হয় তাকে বর্ণনাত্মক বাক্য বলে। একে নির্দেশমূলক, নির্দেশসূচক, নির্দেশাত্মক, বিবৃতিমূলক বাক্যও বলা হয়। যেমনঃ সূর্য পূর্বদিকে ওঠে। সে রোজ এখানে আসে।

*117.*ভাষা আন্দোলন নিয়ে লেখা কবিতা কোনটি?

a) হুলিয়া　　b) তোমাকে অভিবাদন প্রিয়া
c) সোনালি কাবিন　　d) স্মৃতিস্তম্ভ　　**ans. D**

Solution: ভাষা আন্দোলন নিয়ে লেখা 'স্মৃতিস্তম্ভ' কবিতাটি লিখেছেন আলাউদ্দিন আল আজাদ। কিছু ভাষা আন্দোলন ভিত্তিক কবিতাঃ

কবিতার নাম	রচয়িতা
কাঁদিতে আসিনি, ফাঁসির দাবি নিয়ে এসেছি	মাহবুব-উল আলম চৌধুরী
অমর একুশে	হাসান হাফিজুর রহমান
একুশের কবিতা	আল মাহমুদ
শহীদ স্মরণে	কবি মনিরুজ্জামান

উল্লেখ্য, 'হুলিয়া' হলো নির্মলেন্দু গুণের কবিতা; 'তোমাকে অভিবাদন প্রিয়া' হলো শহীদ কাদরী রচিত একটি কবিতা আর 'সোনালি কাবিন' হলো আল মাহমুদের বিখ্যাত একটি কাব্যগ্রন্থ।

*118.*ধ্বনিতত্ত্ব ও শব্দতত্ত্বকে বাক্যে যথাযথভাবে ব্যবহার করার বিধানের নামই

a) রসতত্ত্ব　　b) রূপতত্ত্ব
c) বাক্যতত্ত্ব　　d) ক্রিয়ার কাল　　**ans. C**

Solution: বাংলা ব্যাকরণে রূপতত্ত্ব আলাদা ও স্বতন্ত্র একটি তত্ত্ব যা শব্দ, শব্দ প্রকরণ, উপসর্গ, ধাতু ইত্যাদি বিষয় নিয়ে আলোচনা করে। আবার, বাক্যতত্ত্ব স্বতন্ত্র একটি তত্ত্ব যা বাক্য প্রকরণ, বাচ্য পরিবর্তন, উক্তি ইত্যাদি বিষয় নিয়ে আলোচনা করে। ধ্বনিতত্ত্ব ও শব্দতত্ত্বকে বাক্যে যথাযথভাবে ব্যবহার করার বিধানের নামই বাক্যতত্ত্ব।

*119.*কোন বানানটি শুদ্ধ?

a) মনোকষ্ট　　b) মনঃকষ্ট
c) মণকষ্ট　　d) মনকস্ট　　**ans. B**

*120.*প্রচুর + য = প্রাচুর্য; কোন প্রত্যয়?

a) সংস্কৃত কৃৎ প্রত্যয়　　b) তদ্ধিত প্রত্যয়
c) বাংলা কৃৎ প্রত্যয়　　d) কৃৎ প্রত্যয়　　**ans. B**

Solution: প্রচুর + য = প্রাচুর্য হলো সংস্কৃত তদ্ধিত প্রত্যয়। শব্দের শেষে 'র্য' বা 'য'-ফলা (্য) থাকলে তা পরিবর্তিত হয়ে 'ষ্ণ্য বা য' হবে। অর্থাৎ 'র্য' থাকলে 'ষ্ণ্য বা য' হবে। এরূপ কিছু উদাহরণ হলোঃ

সৌন্দর্য = সুন্দর + য/ষ্ণ্য	মাধুর্য = মধুর + য/ষ্ণ্য
গাম্ভীর্য = গম্ভীর + য/ষ্ণ্য	চৌর্য = চোর + য/ষ্ণ্য
শৌর্য = শূর + য/ষ্ণ্য	ধৈর্য = ধীর + য/ষ্ণ্য
কৌমার্য = কুমার + য/ষ্ণ্য	গ্রাম্য = গ্রাম + ষ্ণ্য
মনুষ্য = মনুঃ + য/ষ্ণ্য	জামদগ্ন্য = জমদগ্নি + য/ষ্ণ্য
পার্বত্য = পর্বত + য/ষ্ণ্য	সৌভাগ্য = সুভগ + য/ষ্ণ্য

*121.*ব্যঞ্জনধ্বনির সংক্ষিপ্ত রূপকে বলে

a) রেফ　　b) হসন্ত
c) কার　　d) ফলা　　**ans. D**

Solution: ব্যঞ্জনধ্বনির সংক্ষিপ্ত রূপকে ফলা বলে। অনেক সময় স্বরবর্ণ বা ব্যঞ্জনবর্ণের সঙ্গে সংযুক্ত হওয়ার জন্য ব্যঞ্জনবর্ণের আকার সংক্ষিপ্ত হয়ে যায়। ব্যঞ্জনবর্ণের এই সংক্ষিপ্ত রূপকে 'ফলা' বলা হয়। ব্যঞ্জনবর্ণের 'ফলা' চিহ্ন রয়েছে ৭টি। এগুলো হলোঃ

য-ফলা (্য)ঃ ব্যাঙ, খ্যাতি, সহ্য	ব-ফলা (্ব)ঃ পক্ব; বিশ্ব; অশ্ব
ম-ফলা (্ম)ঃ পদ্ম; সম্মান; স্মরণ	র-ফলা (্র)ঃ প্রমাণ; শ্রান্ত; ক্রয়
ন-ফলা (্ন)ঃ বিভিন্ন; যত্ন; রত্ন	ণ-ফলা (ণ)ঃ পূর্বাহ্ণ; অপরাহ্ণ
ল-ফলা (্ল)ঃ ক্লান্ত; ম্লান; অম্ল	

উল্লেখ্য, স্বরবর্ণের সংক্ষিপ্ত রূপ কার।

*122.*পাঁচালিকার হিসাবে সর্বাধিক খ্যাতি কার ছিল?

a) দাশরথি রায়　　b) রামনিধি গুপ্ত
c) ফকির গরীবুল্লাহ　　d) রামরাম বসু　　**ans. A**

Solution: দাশরথি রায় ছিলেন একজন ভারতীয় বাঙালি স্বভাবকবি এবং পাঁচালিকার। তিনি বিভিন্নবিষয়ক ৬৪টি পালাভুক্ত প্রায় ৬৭৫টি গান রচনা করেছিলেন।

*123.*চারণ কবি হিসেবে বিখ্যাত কে?

a) আলাওল　　b) মুক্তারাম চক্রবর্তী
c) মুকুন্দ দাস　　d) চন্দ্রাবতী　　**ans. C**

Solution: চারণ কবি হিসেবে বিখ্যাত হলেন মুকুন্দ দাস। মুকুন্দ দাস বাঙালি কবি যাকে চারণ কবি বলেও অভিহিত করা হয়। মুকুন্দ দাস স্বদেশী ও অসহযোগ আন্দোলনের সময় বহু স্বদেশী বিপ্লবাত্মক গান ও নাটক রচনা করে খ্যাতি অর্জন করেন। তিনি ছিলেন স্বদেশী যাত্রার প্রবর্তক।

*124.*রবীন্দ্রনাথ ঠাকুরের 'নষ্টনীড়' গল্পের একটি বিখ্যাত চরিত্র

a) বিনোদিনী　　b) হৈমন্তী
c) আশালতা　　d) চারুলতা　　**ans. D**

Solution: রবীন্দ্রনাথ ঠাকুরের 'নষ্টনীড়' গল্পের একটি বিখ্যাত চরিত্র হলো 'চারুলতা'। উল্লেখ্য, 'বিনোদিনী' এবং 'আশালতা' হলো 'চোখের বালি' উপন্যাসের চরিত্র। আর 'হৈমন্তী' গল্পের নায়িকা হলো 'হৈমন্তী'।

*125.*উপমান কর্মধারয় সমাসের উদাহরণ কোনটি?

a) শশব্যস্ত　　b) কালচক্র
c) পরাণপাখি　　d) বহুব্রীহি　　**ans. A**

Recent Publication

visionApps10

Solution: উপমান কর্মধারয় সমাসের উদাহরণ হলোঃ শশব্যস্ত = শশকের ন্যায় ব্যস্ত। উল্লেখ্য, উপমান অর্থ তুলনীয় বস্তু। প্রত্যক্ষ কোনো বস্তুর সাথে পরোক্ষ কোনো বস্তুর তুলনা করলে প্রত্যক্ষ বস্তুটিকে বলা হয় উপমেয়, আর যার সঙ্গে তুলনা করা হয়েছে তাকে বলা হয় উপমান। উপমান ও উপমেয়ের একটি সাধারণ ধর্ম থাকবে। উপমান কর্মধারয় সমাসের আরো কিছু উদাহরণঃ অগ্নিশর্মা, অরুণরাঙা, কচুকাটা, কদমছাঁট, কাচভঙ্গুর, কুসুমকোমল, কাজলকালো, গোবেচারা, শৈলোন্নত, দুগ্ধধবল, ধনুকবাঁকা, নিমতেতো ইত্যাদি।

***126.*অপিনিহিতির উদাহরণ কোনটি?**

a) জন্ম > জনম　b) আজি > আইজ

c) অলাবু > লাবু > লাউ　d) ডেস্ক > ডেস্‌ক ***ans.* B**

Solution: শব্দের মধ্যে ব্যঞ্জনের সঙ্গে যুক্ত 'ই' বা 'উ' উচ্চারণের সময় স্বস্থানে উচ্চারিত না হয়ে যে ব্যঞ্জনের সঙ্গে যুক্ত তার অব্যবহিত পূর্বে উচ্চারিত হলে ওই রীতিকে অপিনিহিত বা Epenthesis বলে। যেমনঃ আজি (aji) > আইজ (aij); সাধু > সাউধ; রাখিয়া > রাইখ্যা; বাক্য > বাইক্য; সত্য > সইত্য; চারি > চাইর ইত্যাদি।

***127.*'কুসীদজীবী' বলতে কাদের বুঝায়?**

a) চারণকবি　b) সাপুড়ে

c) সুদখোর　d) কৃষিজীবী　***ans.* C**

Solution: 'কুসীদজীবী' অর্থ সুদখোর; যে সুদের টাকা ধার দিয়ে জীবিকা অর্জন করে।

***128.*'অভাব' অর্থে ব্যবহৃত হয়েছে কোন উপসর্গটি?**

a) অকাজ　b) আবছায়া

c) আলুনি　d) নিখুঁত　***ans.* C**

Solution: 'অভাব' অর্থে ব্যবহৃত হয়েছে 'আলুনি' উপসর্গটি।

উপসর্গ	অর্থদ্যোতকতা	উদাহরণ
আ	অভাব বাজে, নিকৃষ্ট	আলুনি, আকাঁড়া, আধোয়া, আকাঠা, আগাছা

***129.*চর্যাপদের টীকাকারের নাম কী?**

a) মীননাথ　b) প্রবোধচন্দ্র বাগচী

c) হরপ্রসাদ শাস্ত্রী　d) মুনিদত্ত　***ans.* D**

Solution: চর্যাপদের টীকাকারের নাম হলো 'মুনিদত্ত'। উল্লেখ্য, 'প্রবোধচন্দ্র বাগচী' হলেন ভারতীয় উপমহাদেশের অন্যতম পণ্ডিত, সাহিত্য গবেষক এবং 'শিক্ষাবিদ'। আর হরপ্রসাদ শাস্ত্রী হলেন চর্যাপদের আবিষ্কারক।

***130.*কোন বানানটি শুদ্ধ?**

a) পুরষ্কার　b) আবিস্কার

c) সময়পোযোগী　d) স্বত্ব　***ans.* D**

Solution: শুদ্ধ বানান হলো 'স্বত্ব' যার অর্থ হলোঃ অধিকার; মালিকানা। আর পুরষ্কার এর শুদ্ধরূপ পুরস্কার; সময়পোযোগী এর শুদ্ধরূপ সময়োপযোগী; আবিস্কার এর শুদ্ধরূপ আবিষ্কার।

***131.*উনসত্তরের গণঅভ্যুত্থানের পটভূমিকায় লেখা উপন্যাস কোনটি?**

a) চিলেকোঠার সেপাই　b) মাটির জাহাজ

c) কাঁটাতারে প্রজাপতি　d) ভূমিপুত্র　***ans.* A**

Solution: উনসত্তরের (১৯৬৯) গণঅভ্যুত্থানের প্রেক্ষাপটে রচিত আখতারুজ্জামান ইলিয়াসের মহাকাব্যিক উপন্যাস 'চিলেকোঠার সেপাই'। এই উপন্যাসে ইতিবাচক রাজনীতির উপস্থাপনায় বাংলাদেশের স্বাধীনতা সংগ্রামের অব্যবহিত পূর্বরূপটি ওঠে এসেছে।

***132.*বিধবার প্রেম নিয়ে রচিত উপন্যাস কোনটি?**

a) শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের 'শেষ প্রশ্ন'

b) রবীন্দ্রনাথ ঠাকুরের 'চোখের বালি'

c) কাজী নজরুল ইসলামের 'কুহেলিকা'

d) বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের 'কপালকুণ্ডলা'　***ans.* B**

Solution: 'চোখের বালি' (১৯০৩) বাংলা সাহিত্যের প্রথম মনস্তত্ত্বমূলক সামাজিক উপন্যাস। এই উপন্যাসের উপজীব্য বিষয় হলোঃ বাঙালি সমাজ ও পারিবারিক জীবনের বিচিত্র, বলিষ্ঠ বিশ্লেষণাত্মক বর্ণনা।

***133.*জেলে জীবন কেন্দ্রিক উপন্যাস কোনটি?**

a) গঙ্গা　b) পুতুলনাচের ইতিকথা

c) হাঁসুলী বাঁকের উপকথা　d) গৃহদাহ　***ans.* A**

Solution: 'গঙ্গা' (১৯৫৭) উপন্যাসটি লিখেছেন সমরেশ বসু। এই উপন্যাসে তিনি দক্ষিণবঙ্গের নদীনালা এবং মৎসজীবী মানুষের সুখদুঃখ, জীবনযাপনের সংগ্রাম, প্রকৃতির কঠোরতা এবং সামাজিক জীবনের বৈষম্য নিয়ে স্থির, নিশ্চিত মধ্যবিত্ত জীবনের নিরাপত্তার এক বিপরীত আখ্যান। এর একদিকে আছে বাস্তব তথ্যের প্রতি নিষ্ঠা, অন্যদিকে আছে মৃত্যু ও অস্তিত্বের সংগ্রামের এক মানবিক উপলব্ধি। 'গঙ্গা' সমরেশ বসুর শ্রেষ্ঠ রচনাগুলির অন্যতম।

***134.*'ডিঙি টেনে বের করতে হবে।' কোন ধরনের বাক্যের উদাহরণ?**

a) কর্মবাচ্য　b) ভাববাচ্য

c) যৌগিক　d) কর্মকর্তৃবাচ্য　***ans.* B**

Solution: যে বাচ্যে কর্ম থাকে না এবং বাক্যে ক্রিয়ার অর্থই বিশেষভাবে ব্যক্ত হয় তাকে ভাববাচ্য বলে। কখনো কখনো ভাববাচ্যে কর্তা উহ্য থাকে, কর্ম দ্বারাই ভাববাচ্য গঠিত হয়। যেমনঃ এ পথে চলা যায় না।

এবার ট্রেনে ওঠা যাক।　কোথা থেকে আসা হচ্ছে?

Recent Publication

visionApps10

135. **বাংলা সাহিত্যে 'কালকূট' নামে পরিচিত কোন লেখক?**
a) সমরেশ মজুমদার b) শওকত ওসমান
c) আলাউদ্দিন আল আজাদ d) সমরেশ বসু ***ans.* D**

Solution: 'কালকূট' হলো সমরেশ বসুর ছদ্মনাম।

প্রকৃত নাম	ছদ্মনাম/ লেখক নাম
কালী প্রসন্ন সিংহ	হুতোম পেঁচা
চারুচন্দ্র চক্রবর্তী	জরাসন্ধ
প্রেমেন্দ্র মিত্র	কৃত্তিবাস ভদ্র
বলাইচাঁদ মুখোপাধ্যায়	বনফুল
মধুসূদন মজুমদার	দৃষ্টিহীন

136. **'Shylock' is a character in the play**
a) Romeo and Juliet
b) Measure for Measure
c) The Merchant of Venice
d) Twelfth Night ***ans.* C**

Solution: The Maerchant of venice হলো Shakespeare এর একটি বিখ্যাত কমেডি নাটক। এই নাটকে এন্টোনিও ভেনিসের একজন ধনাঢ্য ব্যবসায়ী যাকে সবাই তার Generocity'র জন্য ভালোবাসে। বিনা সুদে তিনি সবাইকে অর্থ ধার দিতেন। অন্যদিকে ধনী ইহুদী শাইলক সুদ ব্যতিত টাকা ধার দেন না। শাইলক মূলত নির্দয় সুদখোর হিসেবে পরিচিত। এই নাটকের অন্যান্য চরিত্রগুলো হলো - Portia, Bassanio, Gratiano, Gobbo, Salarino, Solanio ইত্যাদি।

137. **'Vanity Fair' is a novel written by -**
a) D. H. Lawrence
b) William Makepeace Thackeray
c) Joseph Conrad
d) Virgina Woolf ***ans.* B**

Solution: William Makepeace Thackeray (1811 - 1863) কলকাতায় জন্মগ্রহণ করেন এবং ১৮৬৩ সালে হৃদরোগে আক্রান্ত হয়ে মৃত্যুবরণ করেন। তাঁকে কেনসাল গ্রীন সমাধি ভূমিতে সমাধিস্থ করা হয়। তাঁর উল্লেখযোগ্য সাহিত্য কর্ম গুলি হলো- *i)* Catherine, *ii)* A Shabby Genteel Story, *iii)* Pendennis, *iv)* Men's Wives, *v)* The newcomes, *vi)* The Rose & the Ring ইত্যাদি।

138. **'Pip' is the protagonist in Charles Dickens novel**
a) A Christmas Carol
b) A Tale of Two Cities
c) Oliver Twist
d) Great Expectations ***ans.* D**

Solution: 'Great Expectations' উপন্যাসটি Charles Dickens এর সবচেয়ে বিখ্যাত উপন্যাস। এই উপন্যাসে মা-বাবা হারানো অনাথ বালক হলো পিপ একমাত্র বোনের পরিবারে আশ্রিত পিপ। বোন আবার বড়ই খিটখিটে স্বভাবের। বোন পিপের উপর নির্যাতন করলেও পিপের ভগ্নিপতি ছিল বড়ই দয়ালু স্বভাবের। এরকম নানা টানাপোড়েনের মধ্যে দিয়ে চলে উপন্যাসটির কাহিনি। এই উপন্যাসের আরো কিছু উল্লেখযোগ্য চরিত্র হলো - এস্টেলা, মিস হাভিশাম, ম্যাগউইচ, জো ইত্যাদি।

139. **'Lady Chatterley's Lover' was written by the author of**
a) Lord Jim b) The Rainbow
c) A Passage to India d) Ulysses ***ans.* B**

Solution: David Herbert Lawrence একজন বিখ্যাত আধুনিক Novelist. তাঁর বিখ্যাত উপন্যাসগুলি হলো, "The White Peacock", "Sons & Lovers", "The Rainbow", "Lady chatterley's lover", A Modern Lover". লেখক Lady Chatterley's Lover উপন্যাসে মানুষের জৈবিক সম্পর্ককে একটি সুস্পষ্ঠ সামাজি রূপে বর্ণনা করেছেন।

140. **Identify the word that can be used as both singular and plural:**
a) wood b) issue
c) fish d) light ***ans.* C**

Solution: যথাক্রমে একক ও সমষ্টিগত অর্থে Fish (মাছ) singular ও plural উভয় হিসেবেই ব্যবহৃত হয়। এরকম বেশ কিছু শব্দ আছে যাদের উভয় রূপই এক। যেমন: Deer, dozen, apparatus, sheep, score, furniture ইত্যাদি।

141. **Find out the correct passive form of the sentences 'Who taught you French?'**
a) By whom you were taught French?
b) By whom French was taught you?
c) French was taught you by whom?
d) By whom were you taught French? ***ans.* D**

Solution: Who যুক্ত interrogative বাক্যকে Passive করার নিয়ম - By whom + tense অনুযায়ী Auxiliary verb (am, is are, was, were) + subject + verb এর Past Participle রূপ + ?
তবে উল্লেখ থাকে যে, Auxiliary verb দুটি থাকলে প্রথম subject এর আগে একটি ও দ্বিতীয় subject এর পরে আরেকটি বসে।
বাক্যের অর্থঃ কার মাধ্যমে তুমি ফ্রেঞ্চ ভাষা শিখেছিলে?

142. **"The old man was tired of walking." Here 'walking' is a/an**
a) present participle b) adjective
c) common noun d) gerund ***ans.* D**

Solution: সাধারণত Walk একটি Verb. বাক্যটি 'ing' যুক্ত Walk একই সাথে Verb ও Noun হিসেবে কাজ করছে বলে এটি Gerund হবে। তাছাড়া বাক্যটিতে

Recent Publication

VisionApps10

Walking শব্দটি 'of' এর Object রূপে কাজ করছে বলে Walking অবশ্যই Gerund হবে।
বাক্যের অর্থঃ বৃদ্ধ লোকটি হাটতে হাটতে ক্লান্ত।

143. **Which one is a correct sentence?**
a) The doctor found my pulse.
b) The doctor took my pulse.
c) The doctor examined my pulse.
d) The doctor saw my pulse. ***ans.*** **B**

Solution: ধমনী বা নাড়ির নিয়মিত স্পন্দন পরীক্ষা করা অর্থে take/check/feel somebody's pulse এই phrase টি ব্যবহৃত হয়। যেমনঃ A nurse came in & took his pulse. The doctor felt the patient's pulse.
বাক্যের অর্থঃ ডাক্তার আমার নাড়ির স্পন্দন পরীক্ষা করলেন।

144. **'I will not let you go.' In this sentence 'go' is a/an**
a) infinitive b) gerund
c) participle d) verbal noun ***ans.*** **A**

Solution: প্রায়শই infinite এর পূর্বে to বসে থাকে, তবে এটি না বসলেও বাক্যে কোনো শব্দ Infinitive হিসেবে ব্যবহৃত হতে পারে। কিছু কিছু শব্দ যেমন bid, let, make, need, dare, see, hear ইত্যাদিতে 'to' ছাড়াও infinitive এর ব্যবহার লক্ষ্য করা যায়। যেমনঃ
I will not let you go. Bid him go there.
Let him sit here.
বাক্যের অর্থঃ আমি তোমাকে যেত দিব না।

145. **When Ushashi entered _____ the room everybody stopped talking.**
a) into b) no preposition
c) to d) in ***ans.*** **B**

Solution: ইংরেজি বাক্যে কিছু কিছু শব্দের পর কোনো Preposition না বসে সরাসরি Object বসে। কারণ ঐ সকল শব্দগুলো হলো Transitive verb (সকর্মক ক্রিয়া). বাক্যের Enter একটি transitive verb, তাই এরপর কোনো Preposition বসবে না। এরকম আরো কিছু Transitive verb এর উদাহরণ হলোঃ Reach, meet, join, discuss, emphasize, comprise, recommend, resemble, violate, await ইত্যাদি।
বাক্যের অর্থঃ যখন Ushahi কক্ষে প্রবেশ করলেন তখন সবাই কথা বন্ধ করে দিলো।

146. **The play 'The Birthday Party' is written by**
a) Samuel Beckett b) Henry Livings
c) Harold Pinter d) Arthur Miller ***ans.*** **C**

Solution: Harold Pinter (1930 - 2008) ছিলেন একজন ইংরেজ অভিনেতা, নাট্যকার এবং পরিচালক। তিনি ২০০৫ সালে সাহিত্যে নোবেল পান। তাঁর বিখ্যাত সাহিত্য কর্মগুলো হলো - The Birthday Party, The Homecoming, Betraya ইত্যাদি।

147. **Who is the author of the first scientific romance 'The Time Machine'?**
a) H. G. Wells b) Samuel Butler
c) George Moore d) Henry James ***ans.*** **A**

Solution: Herbert George Wells হলেন একজন বিখ্যাত বৈজ্ঞানিক কল্পকাহিনি রচয়িতা। 'The Time Machine' তাঁর একটি অনবদ্য সৃষ্টি। এই উপন্যাসে টাইম মেশিনে করে এক ব্যক্তি মহাশূন্যে ভ্রমন করে শান্তি প্রিয় এক প্রাণির দেখা পায়। তাকে ডুবে যাওয়া থেকে বাঁচালে লোকটির সাথে তার বন্ধুত্ব হয়। মূলত ভবিষ্যতের পৃথিবী ভ্রমন নিয়েই বিজ্ঞানের কাল্পনিক রোমাঞ্চ ফুটে উঠে এই উপন্যাসে। তাঁর আরেকটি বিখ্যাত গ্রন্থ হলো 'The Invisible Man'.

Recent Publication

148. **'Call me if you have any problems regarding your work.' Here 'regarding' is a/an**
a) gerund b) apposition
c) preposition d) conjunction ***ans.*** **C**

Solution: Preposition এর সংজ্ঞা থেকে আমরা জানি যে, যে সকল শব্দ কোনো Noun বা Noun phrase বা Pronoun এর পূর্বে বসে তার সাথে বাক্যের অন্য শব্দের সম্পর্ক নির্দেশ করে তাকে Prepostion বলে। উপরিউক্ত বাক্যে your work হলো একটি Noun phrase. তাই এর পূর্বে ব্যবহৃত regarding হলো একটি Preposition.
বাক্যের অর্থঃ তোমার কাজ সংক্রান্ত কোনো সমস্যা হলে আমাকে ডেকো।

149. **Select the correct comparative form of the sentence 'A string of pearls was no so bright as her teeth.'**
a) Her teeth were more brighter than a string of pearls.
b) Her teeth were brighter than a string of pearls.
c) A string of pearls was brighter than her teeth.
d) A string of pearls were very bright than her teeth. ***ans.*** **B**

visionApps10

Solution: এক্ষেত্রে Positive degree কে Comparative degree তে রূপান্তরের নিয়ম হলো: Second subject (Her teeth) + verb এর Comparative রূপ (এখানে Brighter) + than + First subject. তাই সঠিক উত্তর হলো *b*).

বাক্যের অর্থঃ মুক্তামালার চেয়ে তার দাঁতগুলো উজ্জল ছিল।

***150.*'Come on, it's time to go home.' Here 'home' is a/an**

a) noun b) verb
c) adjective d) adverb ***ans.* D**

Solution: বাক্যে অবস্থিত কোনো verb কে কখন, কোথায়, কিভাবে দ্বারা প্রশ্ন করলে যে শব্দকে উত্তর হিসেবে পাওয়া যায় তাই হলো Adverb. সাধারণত Get, Go, Stay, Walk প্রভৃতি verb এরপর Home থাকলে তা কোনো স্থানকে নির্দেশ করে বলে তা Adverb.

বাক্যের অর্থঃ চলে এসো, এখন বাড়ি যাবার সময় হয়েছে।

***151.*'Huffing and puffing, we arrived at the classroom door with only seven seconds to spare.' In this sentence the verb 'arrived' is**

a) intransitive b) transitive
c) causative d) defective ***ans.* A**

Solution: আমরা জানি ইংরেজি বাক্যে transitive verb এর পর কোনো Preposition বসে না। যেমন পৌঁছানো অর্থে reach হলো transitive verb. এর সমার্থক হলো Arrive at যা intransitive verb. এছাড়া প্রদত্ত বাক্যে Arrived at এর পরে Adverbial phrase হয়েছে। তাই Arrived at হবে intransitive verb.

বাক্যের অর্থঃ হন্ত দন্ত করে আমরা ক্লাস শুরুর মাত্র সাত সেকেন্ড পূর্বে দরজার সামনে গিয়ে হাজির হয়েছিলাম।

***152.*Which one of the following is a common gender?**

a) king b) sovereign
c) emperor d) queen ***ans.* B**

Solution:

Masculine	Feminine
King (রাজা)	Queen (রাণী)
Emperor (সম্রাট)	Empress (সম্রাজ্ঞী)

কিন্তু কিছু Common Gender হলো Monarch (অধিরাজ), Sovereign (সার্বভৌম), Sheep (মেষ), calf (বাছুর), pig (শুকর ছানা), Person, Parent, Spouse (স্বামী বা স্ত্রী), child, Baby, Teacher, Student, Servant (ভৃত্য), Sibling (ভাই বা বোন), Horse ইত্যাদি।

***153.*'<u>To win a prize</u> is my ambition.' The underlined part of the sentence is a/an**

a) adjective phrase
b) noun phrase
c) conjunctional phrase
d) adverb phrase ***ans.* B**

Solution: ইংরেজি বাক্যে verb এর subject, transitive verb এর object রূপে কোনো phrase ব্যবহৃত হলে তা অবশ্যই Noun phrase হবে। কাজেই, Gerund বা infinitive phrase যদি কোনো verb এর subject বা object হয় তবে তা অবশ্যই Noun phrase হবে। যেমন: Hanjala loves <u>to issue harse order</u>. Yamin enjoy <u>playing football</u>. <u>To ride well</u> requires practice.

বাক্যের অর্থঃ পুরস্কার জেতা আমার একটি আকাঙ্ক্ষিত লক্ষ্য।

***154.*Choose the word opposite in meaning to 'terse':**

a) concise b) detailed
c) expressive d) descriptive ***ans.* B**

Solution: Terse অর্থ বাহুল্যবর্জিত, সংক্ষিপ্ত এবং লাগসই। এর বিপরীত শব্দ হলো Detailed যার অর্থ সবিস্তরে *b*). কিন্তু concise অর্থ সংক্ষিপ্ত; expressive অর্থ অভিব্যক্তিপূর্ণ, ভাবপূর্ণ; descriptive অর্থ বর্ণনামূলক।

***155.*'Who's that?' In this sentence 'that' is a/an**

a) pronoun b) conjunction
c) adjective d) adverb ***ans.* A**

Solution: বাক্যে যে সকল pronoun বর্তমান ভবিষ্যৎ বা অতীতের কিংবা নিকটবর্তী বা দূরবর্তী কোনো Noun কে বিশেষভাবে নির্দেশ করে তাকে Demonstrative Pronoun বলে। উক্ত বাক্যে 'that' দ্বারা 'দূরবর্তী' কোনো বস্তুকে নির্দেশ করছে বলে এটি Demonstrative Pronoun. এরকম কিছু Demonstrative Pronoun হলো: This, these, that, those, It, so, such ইত্যাদি।

***156.*What is the noun form of the word 'know'?**

a) knowing b) knowledge
c) knowledgeable d) known ***ans.* B**

Solution: Know (জানা) হলো verb. আর এর Abstract Noun হলো knowledge (জ্ঞান)।

***157.*'Why, then, 'tis none to you, for there is nothing either good or bad, but thinking makes it so.' This extract is taken from the drama-**

a) King Lear b) Macbeth
c) As You Like it d) Hamlet ***ans.* D**

Recent Publication

VisionApps10

Solution: William Shakespeare রচিত Hamlet একটি জনপ্রিয় Tragedy. নাটকে রাজা Hamlet হলো ডেনমার্কের রাজা। তার চাচা Claudius ও মা মিলে রাজা Hamlet কে হত্যা করে। রাজা Hamlet এর পুত্র Hamlet কর্তৃক পিতার মৃত্যুর প্রতিশোধের বিভিন্ন প্রচেষ্টাই হলো নাটকটির কেন্দ্রীয় আলোচ্য বিষয়। নাটকটির আরো চরিত্র হলোঃ Gertrude - ডেনমার্কের রানী ও Hamlet এর মা, Claudius – Hamlet এর চাচ, Horatio – Hamlet এর বন্ধু, Ophelia – Hamlet এর প্রেমিকা।

158.**'Made weak by time and fate, but strong in will To strive, to seek, to find, and not to yield' is taken from the poem written by-**

a) Robert Browning b) Mathew Arnold
c) Alfred Tennyson d) Lord Byron ***ans.* C**

Solution: উদ্ধৃতাংশটি Victorian যুগের leadin poet Lord Alfred Tennyson এর 'ulysses' কবিতা থেকে চয়ন করা হয়েছে। কবিতাটিতে তিনি ulysses এর মনোবেদনা আর অজানাকে জানার আকুলতা প্রকাশ ঘটিয়েছেন। মানবের আত্মা যেন বন্ধ ঘরে আবদ্ধ থাকতে চায় না। আত্মার এই বহির্মুখী চেতনার প্রকাশ ঘটিয়েছেন এই কবিতায়। তাঁর বিখ্যাত সাহিত্য কর্ম হলো - i) Oenone, ii) Lotus Eaters, iii) Locksley Hall, iv) Tithonus, v) Morte D' Arthur, vi) In Memorium, vii) English Idyll.

159.**'Give somebody a piece of your mind' means to**

a) tell someone that you are very angry with them.
b) say exactly what you feel or think.
c) return or to help somebody return to a normal situation.
d) give somebody mental peace. ***ans.* A**

Solution: Give somebody a piece of your mind অর্থ রাগান্বিত হয়ে কারো সমালোচনা করা; কারো উপর রাগ ঝাড়া বা কথা বলার সময় নিজের রাগের বা ক্ষোভের বহিপ্রকাশ ঘটানো। আবার, বাংলা একাডেমি অভিধান অনুযায়ী Give somebody a piece of your mind অর্থ নিজের অভিমত বা ধারণা অন্যের কাছে স্পষ্ট ভাবে প্রকাশ করে। তবে অধিকাংশ বিদেশি Dictionary তে যে অর্থ দেয়া আছে তা অপশনের *a*) এর সাথে সামঞ্জস্যপূর্ণ। তাই উত্তর দেয়া গেল *a*).

160.**'I shall help you <u>provided</u> you obey me.' Here the underlined word is a/an**

a) adverb b) adjective
c) conjunction d) verb ***ans.* C**

Solution: ইংরেজি বাক্যে "শর্ত থাকে যে, এই শর্তে যে বা যদি" অর্থে provided (that) conjunction টি ব্যবহৃত হয়ে থাকে। বাক্যে Provided দ্বারা principal clause এর কাজের শর্ত প্রকাশিত হয়। এরকম দুটি উদাহরণ হলোঃ We shall start the program provided circumstances favour us. The plane will take off in time provided the weather in good.

বাক্যের অর্থঃ আমাকে তুমি মেনে চলবে এই শর্তে তোমাকে আমি সাহায্য করবো।

161.**Identify the correct spelling**

a) questionaire b) questionoir
c) questionnaire d) questionair ***ans.* C**

Solution: Qustionnnaire অর্থ প্রশ্নমালা। এই গুরুত্বপূর্ণ বানানটি মনে রাখার সহজ পদ্ধতি হলো Question Nai Re (প্রশ্ন নাই রে)।

162.**Which 'but' is a preposition?**

a) It is but right to admit our faults.
b) What can we do but sit and wait?
c) We tried hard, but did not succeed.
d) There is no one but likes him. ***ans.* B**

Solution: বাক্যে Noun Phrase (sit & wait) এর পূর্বে preposition হিসেবে but বসবে। তাই সঠিক উত্তর হবে b). এরকম আরেকটি উদাহরণ হলোঃ What can Rasel do but die? (মৃত্যু বরণ ছাড়া কি করতে পারে রাসেল?)। উল্লেখ্য, উক্ত বাক্যটিতে "ছাড়া বা ব্যতীত" অর্থে but ব্যবহৃত হয়েছে।

বাক্যের অর্থঃ বসে থাকা ও অপেক্ষা করা ছাড়া আমরা কি করতে পারি?

163.**Who is not a romantic poet?**

a) P. B. Shelley b) S. T. Coleridge
c) John Keats d) T. S. Eliot ***ans.* D**

Solution: ইংরেজি সাহিত্যে 1798 থেকে 1832 পর্যন্ত সময়কালকে 'The Romantic Period' হিসেবে আখ্যায়িত করা হয়। এই সময়কালের অর্থাৎ Romantic Period এর উল্লেখযোগ্য সাহিত্যিক হলেন - William Wordsworth, Lord Byron, Sir Walter Scott, S. T. Coleridge, Charles Lam, Jane Austen, P. B. Shelley, John Keats, Alexander Pushkin. আর T. S. Eliot হলেন Georgian Period (1910 - 1936) এর কবি। তাঁর পুরো নাম Thomas Stearns Eliot. তাঁর কবিতা প্রথম বাংলায় অনুবাদ করেন রবীন্দ্রনাথ ঠাকুর।

164.**In Shakespeare's play Hamlet, Hamlet was prince of**

a) Norway b) Britain
c) Denmark d) France ***ans.* C**

Recent Publication

VisionApps10

*165.*Adela Quested and Mrs. Moore are characters from the novel

a) David Copperfield
b) The Return of the Native
c) A Passage to India
d) Adam Bede **ans. C**

Solution: 'A Passage to India' গ্রন্থটি লিখেছেন Edward Morgan Forster. তিনি ১৯২৪ সালে A Passage to India উপন্যাসটি লিখেন। এটি মূলত Indian Independence Movement এর উপর লেখা। এই উপন্যাসের উল্লেখযোগ্য চরিত্র হলো - Mrs. Moore, Adela Quested, Rony Heaslop, ড. আজিজ, অধ্যাপক Godbole Cyril প্রমুখ। উল্লেখ্য, A passage to England উপন্যাসটি লেখেন Nirad C. chaudhury. আর David Copperfield হলো Charles Dickens এর বিখ্যাত উপন্যাস, The Return of the Native হলো Thomas Hardy রচিত একটি বিখ্যাত উপন্যাস ও Adam Bede হলো George Eliot রচিত একটি বিখ্যাত উপন্যাস।

*166.*Time held me green and dying Though I sang in my chains like the sea.' These lines have been quoted from Dylan Thomas' poem-

a) The Flower b) Fern Hill
c) After the Funeral d) By Fire **ans. B**

Solution: Dylan Thomas আধুনিক যুগকে একজন প্রসিদ্ধ কবি যার বিখ্যাত একটি কবিতার নাম হলো Fern Hill. এই কবিতায় কবির শৈশব ও কৈশোরের স্মৃতি অসাধারণভাবে বিধৃত হয়েছে। শৈশবের দিগন্ত বিস্তৃত খেলার মাঠ, খড়ের গাদা, গরু বাছুরের পিছু ছোটা, খড়বাহী গাড়িতে চেপে বসা প্রভৃতি বিষয়গুলিকে অত্যন্ত স্বপ্নীল করে পরিবেশন করেছেন। তাঁর রচিত একটি নাটকের নাম হলো "Under Milk Wood".

*167.*One whose attitude is 'eat, drink and be merry' is -

a) Materialistic b) epicurean
c) cynic d) stoic **ans. B**

Solution: Eat, drink & be merry অর্থ খাও, দাও ফূর্তি করো। এটা ইন্দ্রিয়বিলাসী ব্যক্তির আচরণের মধ্যে পড়ে। তাই সঠিক উত্তর *b*). Materialistic অর্থ বস্তুবাদী; cynic অর্থ হতাশাবাদী; stoic অর্থ সুখে-দুঃখে নির্বিকার ব্যক্তি।

168.'Was this the face that launch'd a thousand ships, And burnt the topless towers of Ilium?' Who speaks the famous lines?

a) Caesar b) Antony
c) Faustus d) Romeo **ans. C**

Solution: Elizabethan যুগের একজন শ্রেষ্ঠ নাট্যকার Christopher Marlowe এর একটি শ্রেষ্ঠ সাহিত্যকর্ম হলো Dr. Faustus নাটক। এই নাটকের প্রধান চরিত্রে আছেন Dr. Faustus যিনি জ্ঞানের সকল শাখায় বিচরণ করে ক্ষান্ত হননি। স্বর্গীয় ও সীমাহীন ক্ষমতা লাভের জন্য তিনি যাদুবিদ্যা চর্চ শুরু করেন। সময়ের পরিক্রমায় সে শয়তান লুসিফারের দাসের সাক্ষাৎ পায়। সেই দাসের সহায়তায় সে কিছু ক্ষমতাও লাভ করে। একজন Angel তাকে এসব ত্যাগের পরামর্শ দিলেও তা সে ত্যাগ করে না। ফলে শয়তানরা তার আত্মা নরকে নিয়ে যায়। Christopher Marlowe রচিত আরো কিছু সাহিত্য কর্ম হলো - Tamburlaine the Great, The Jew of Matta, The Passionate Shepherd to His Love (Poem), Edward II ইত্যাদি।

*169.*The Character 'Alfred Doolittle' is taken from Shaw's play titled-

a) Pygmalion
b) Man and Superman
c) The Doctor's Dilemma
d) Mrs. Warren's Profession **ans. A**

Solution: ইংল্যান্ডে Shakespease এর পরবর্তী সময়কালে সবচেয়ে প্রভাবশালী নাট্যকার হলেন George Bernard Shaw. তাঁর রচিত বিখ্যাত নাটক হলো Pygmalion. আর এই নাটকের একটি চরিত্র হলো Alfred Doolittle. G. B. Shaw এর সবচেয়ে উল্লেখযোগ্য সাহিত্যকর্ম হলো – Man & Superman. তাঁর আরো কিছু সাহিত্যকর্ম হলো - *i*) Caesar & Cleopatra, *ii*) Arms & the Man, *iii*) The Apple Cart, *iv*) Candida.
তিনি 1925 সালে সাহিত্যে নোবেল পুরস্কার পান।

*170.*The poem 'The Love Song of J. Alfred Prufrock' is written by

a) Robert Browning b) T. S. Eliot
c) Walter Scott d) W. B. Yeats **ans. B**

Solution: নাট্যকার, সাহিত্য সমালোচক এবং বিংশ শতকের অন্যতম প্রভাবশালী কবি T. S. Eliot এর একটি বিখ্যাত কবিতা হলো The love song of J. Alfred Prufrock. এই কবিতায় Prufrock এর অব্যক্ত ভালোবাসার কথায় উল্লেক আছে। ভালোবাসার অব্যক্ততার এই ব্যর্থতাটুকুই কবিতাটিকে আধুনিক কবিতার শীর্ষে প্রতিষ্ঠিত করেছে।

Recent Publication

visionApps10

T. S. Eliot এর বিখ্যাত কবিতা "The Waste Land" এর জন্য 1948 সালে নোবেল পুরস্কার পান। তার উল্লেখযোগ্য কিছু সাহিত্যকর্ম হলো - *i*) The Hollow Men, *ii*) Ash Wednesday, *iii*) Murder in the Cathedral, *iv*) Gerontion.

আর The Cocktail Party তাঁর রচিত একটি উল্লেখযোগ্য নাটক।

***171.*বঙ্গবন্ধুকে কখন 'জুলিও কুরী' শান্তি পুরস্কার প্রদন করা হয়?**

a) ২০ মে, ১৯৭২ b) ২১ মে, ১৯৭২

c) ২২ মে, ১৯৭২ d) ২৩ মে, ১৯৭২

***ans.* Note**

Solution: জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে ১৯৭৩ সালের ২৩ মে বিশ্ব শান্তি পরিষদ কর্তৃক 'জুলিও কুরি' শান্তি পদকে ভূষিত করা হয়। বিশ্ববিখ্যাত বিজ্ঞানী ম্যারি কুরি ও পিয়েরে কুরি দম্পতি বিশ্ব শান্তির সংগ্রামে যে অবদান রেখেছেন, তা স্মরণীয় করে রাখতে বিশ্ব শান্তি পরিষদ ১৯৫০ সাল থেকে ফ্যাসিবাদবিরোধী, সাম্রাজ্যবাদবিরোধী সংগ্রামে, মানবতার কল্যাণে, শান্তির সপক্ষে বিশেষ অবদানের জন্য বরণীয় ব্যক্তি ও সংগঠনকে 'জুলিও কুরি' শান্তি পদকে ভূষিত করে আসছে।

***172.*ঐতিহাসিক 'ছয় দফা দাবিতে' যে বিষয়টি অন্তর্ভুক্ত ছিল না**

a) শাসনতান্ত্রিক কাঠামো b) কেন্দ্রীয় সরাকারের ক্ষমতা

c) স্বতন্ত্র মুদ্রা ব্যবস্থা d) বিচার ব্যবস্থা ***ans.* D**

Solution: ঐতিহাসিক 'ছয় দফা'য় বর্ণিত দাবিগুলো হলোঃ

০১. পাকিস্তান যুক্তরাষ্ট্রীয় ব্যবস্থাধীনে সংসদীয় পদ্ধতির সরকার হবে। সার্বজনীন ভোটাধিকারের ভিত্তিতে প্রাপ্ত বয়স্কদের ভোটে নির্বাচন অনুষ্ঠিত হবে।

০২. কেন্দ্রীয় সরকারের হাতে মাত্র দুটি বিষয় থাকবে, প্রতিরক্ষা ও পররাষ্ট্র মন্ত্রণালয়। অন্যান্য সকল বিষয়ে অঙ্গরাজ্যগুলোর পূর্ণ ক্ষমতা থাকবে।

০৩. সারাদেশে হয় অবাধে বিনিয়োগযোগ্য দু'ধরনের মুদ্রা, না হয় বিশেষ শর্ত সাপেক্ষে একই ধরনের মুদ্রা প্রচলন করা।

০৪. সকল প্রকার কর ধার্য করার ক্ষমতা থাকবে আঞ্চলিক সরকারের হাতে। আঞ্চলিক সরকারের আদায়কৃত রাজস্বের একটি নির্দিষ্ট অংশ কেন্দ্রীয় সরকারকে দেওয়ার ব্যবস্থা থাকবে।

০৫. অঙ্গরাজ্যগুলো নিজেদের অর্জিত বৈদেশিক মুদ্রার মালিক হবে, এর নির্ধারিত অংশ তারা কেন্দ্রকে দেবে।

০৬. অঙ্গরাজ্যগুলোকে আঞ্চলিক নিরাপত্তার জন্য আধা সামরিক বাহিনী গঠন করার ক্ষমতা দেওয়া।

***173.*'মাৎস্যন্যায়' বাংলার কোন সময়কাল নির্দেশ করে?**

a) ৫ম - ৬ষ্ঠ শতক b) ৬ষ্ঠ - ৭ম শতক

c) ৭ম - ৮ম শতক d) ৮ম - ৯ম শতক ***ans.* C**

Solution: 'মাৎস্যন্যায়' সময়কাল নির্দেশ করে ৭ম - ৮ম শতককে। শশাংকের মৃত্যুর পর বাংলার ইতিহাসে এক অন্ধকার যুগের সূচনা হয়। দীর্ঘদিন বাংলায় কোন যোগ্য শাসক ছিলেন না। ফলে, রাজ্যে বিশৃঙ্খলা ও অরাজকতা দেখা দেয়। একদিকে হর্ষবর্ধন ও ভাস্করবর্মণের হাতে গৌড় রাজ্য ছিন্ন ভিন্ন হয়ে যায়, অন্যদিকে ভূ-স্বামীরা প্রত্যেকেই বাংলার রাজা হওয়ার কল্পনায় একে অন্যের সাথে সংঘাতে মেতে উঠে। কেন্দ্রীয় শাসন শক্ত হাতে ধরার মতো কেউ ছিল না। এ অরাজকতার সময়কালকে পাল তাম্রশাসনে আখ্যায়িত করা হয়েছে 'মাৎস্যন্যায়' বলে। পুকুরে বড় মাছ ছোট মাছকে ধরে গিলে ফেলার মতো বিশৃঙ্খল পরিস্থিতিকে বলে 'মাৎস্যন্যায়'।

***174.*বাংলার কোন সুলতানের শাসনামলকে স্বর্ণযুগ বলা হয়?**

a) শামসুদ্দীন ইলিয়াস শাহ

b) নাসিরুদ্দীন মাহমুদ শাহ

c) আলাউদ্দিন হোসেন শাহ

d) গিয়াসউদ্দিন আজম শাহ

***ans.* C**

Solution: বাংলায় স্বাধীন সুলতানদের মধ্যে হোসেন শাহী আমল ছিল সবচেয়ে কৃতিত্বের যুগ। হোসেন শাহ ছিলেন সে যুগের শ্রেষ্ঠ সুলতান। তিনি বিহারের বিস্তীর্ণ এলাকা দখল করেন। তিনি ছিলেন প্রজা দরদী ও বহুগুণের অধিকারী। তাঁর আমলে বাংলা ভাষা ও সাহিত্যের অনেক উন্নতি হয়। শ্রীচৈতন্য বৈষ্ণব ধর্ম প্রচার করেন তাঁর শাসনামলে। হোসেন শাহের পর আরও তিনজন সুলতান বাংলা শাসন করেন। তারা সবাই যোগ্য শাসক ছিলেন। তারাও উদারভাবে রাজ্য শাসন করেন। তারা সকলেই শিল্প, সাহিত্য, সংস্কৃতির পৃষ্ঠপোষক ছিলেন। এজন্য হোসেন শাহী আমলকে বাংলার মুসলমান শাসনের স্বর্ণযুগ বলা হয়।

***175.*ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠায় কে অগ্রণী ভূমিকা পালন করেন?**

a) নওয়াব আবদুল লতিফ b) স্যার সৈয়দ আহমেদ

c) নওয়াব স্যার সলিমুল্লাহ d) খাজা নাজিমুদ্দিন ***ans.* C**

Solution: ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠায় কে অগ্রণী ভূমিকা পালন করেন নওয়াব স্যার সলিমুল্লাহ। এই বিশ্ববিদ্যালয়ের যে আবশ্যকতা রয়েছে সেটা বোঝাতে এবং প্রতিষ্ঠার ব্যাপার অগ্রণী ভূমিকা পালন করেছিলেন যাঁরা তাদের মধ্য বিশেষভাবে উল্লেখযোগ্য ঢাকার নবাব স্যার সলিমুল্লাহ। বঙ্গভঙ্গ রদ এবং নবগঠিত পূর্ব বাংলা ও আসাম প্রদেশ বাতিলের ফলে এ অঞ্চলের মুসলমান জনসাধারণের মধ্যে যে হতাশা নেমে আসে, তাতে প্রলেপদানের জন্য ক্ষতিপূরণস্বরূপ ঢাকায় একটি বিশ্ববিদ্যালয় স্থাপনের প্রস্তাব করা হয়।

Recent Publication

visionApps10

176. **ভাষা আন্দোলনের সময় পাকিস্তানের প্রধানমন্ত্রী কে ছিলেন?**

a) খাজা নাজিম উদ্দীন b) মোহাম্মদ আলী জিন্নাহ
c) লিয়াকত আলী খান d) নূরুল আমিন ***ans. A***

Solution: ভাষা আন্দোলনের সময় পাকিস্তানের প্রধানমন্ত্রী ছিলেন খাজা নাজিম উদ্দীন। উল্লেখ্য, পাকিস্তানের প্রধানমন্ত্রী লিয়াকত আলী খান আততায়ীর হাতে নিহত হলে প্রধানমন্ত্রী হন খাজা নিজাম উদ্দীন। 'নূরুল আমিন' ছিলেন তৎকালিন মুখ্যমন্ত্রী এবং 'মোহাম্মদ আলী জিন্নাহ' ছিলেন পাকিস্তানের প্রথম গভর্নর জেনারেল।

177. **আলুটিলা প্রাকৃতিক গুহা কোথায় অবস্থিত?**

a) খাগড়াছড়ি জেলায় b) কক্সবাজার জেলায়
c) বান্দরবান জেলায় d) রাঙ্গামাটি জেলায় ***ans. A***

Solution: খাগড়াছড়ি সদর থেকে ৭ কিলোমিটার দূরে খাগড়াছড়ি-চট্টগ্রাম সড়কের পাশে আলুটিলা প্রাকৃতিক গুহা অবস্থিত।

178. **বাংলায় সেন বংশের (১০৭০ - ১২৩০ খ্রিষ্টাব্দ) শেষ শাসনকর্তা কে ছিলেন?**

a) হেমন্ত সেন b) বল্লাল সেন
c) লক্ষণ সেন d) কেশব সেন ***ans. D***

Solution: বাংলায় সেন বংশের শেষ শাসনকর্তা ছিলেন কেশব সেন। উল্লেখ্য, ত্রয়োদশ শতকের প্রথম দিকে মুসলিম সেনাপতি বখতিয়ার খলজি নদীয়া আক্রমণ করেন। লক্ষণ সেন কোন প্রতিরোধ না করে নদীপথে পূর্ববঙ্গের রাজধানী বর্তমান মুন্সিগঞ্জ জেলার বিক্রমপুর আশ্রয় গ্রহণ করেন। উত্তর ও উত্তর-পশ্চিম বাংলা বখতিয়ার খলজি সহজেই অধিকার করে নেন। লক্ষণাবতীকে (গৌড়) কেন্দ্র করে বাংলায় মুসলিম সাম্রাজ্য প্রতিষ্ঠিত হয়। দক্ষিণ-পূর্ব বাংলায় অবস্থান করে লক্ষণ সেন আরও ২/৩ বৎসর রাজত্ব করেন। লক্ষণ সেনের মৃত্যুর পর তাঁর দুই পুত্র বিশ্বরূপ সেন এবং কেশব সেন কিছুকাল পূর্ব বাংলা শাসন করেন। এভাবে লক্ষণ সেনের পরাজয়ের মধ্য দিয়ে বাংলায় সেন শাসনের অবসান ঘটে।

হেমন্ত সেন	সেন বংশের প্রথম রাজা বা প্রতিষ্ঠাতা
বিজয় সেন	সেন বংশের সর্বপ্রথম সার্বভৌম বা স্বাধীন রাজা
লক্ষণ সেন	সেন বংশের সর্বশেষ ও বাংলার শেষ হিন্দু রাজা
বল্লাল সেন	কৌলিন্য প্রথার প্রবর্তক

179. **বাংলার সর্বপ্রাচীন জনপদের নাম কী?**

a) পুণ্ড্র b) তাম্রলিপ্তি
c) গৌড় d) হরিকেল ***ans. A***

Solution: প্রাচীন বাংলার জনপদগুলোর মধ্যে অন্যতম হলো পুণ্ড্র। 'পুণ্ড্র' বলে একটি জাতি এ জনপদ গড়ে তুলেছিল। পুণ্ড্রদের রাজ্যের রাজধানীর নাম ছিল 'পুণ্ড্রনগর'। বাংলাদেশে প্রাপ্ত পাথরের চাকতিতে খোদাই করা সম্ভবত প্রাচীনতম শিলালিপি পুণ্ড্রতে পাওয়া গেছে। উল্লেখ্য, বাংলা পূর্বে প্রায় ১৬টি জনপদে বিভক্ত ছিল। এগুলো হলো পুণ্ড্র হরিকেল, সমতট, গৌড়, বঙ্গ ইত্যাদি।

180. **'কাগমারী সম্মেলন' অনুষ্ঠিত হয়**

a) রোজ গার্ডেনে b) সিরাজগঞ্জে
c) সন্তোষে d) সুনামগঞ্জে ***ans. C***

Solution: ১৯৫৭ সালের ৬-১০ ফেব্রুয়ারিতে টাঙ্গাইলের অজপাড়াগাঁ সন্তোষ-কাগমারীতে 'কাগমারী সম্মেলন' অনুষ্ঠিত হয়। উল্লেখ্য, মজলুম জননেতা মওলানা আবদুল হামিদ খান ভাসানীর দীর্ঘ রাজনৈতিক জীবনে অসংখ্য রাজনৈতিক কর্মসূচির আয়োজন করেছিলেন। এর মধ্যে তার অবিস্মরণীয় কীর্তি ১৯৫৭ সালের 'কাগমারী সম্মেলন'। বাংলাদেশের রাজনীতিতে এর তাৎপর্য বিশেষভাবে স্বীকৃত। ঐতিহাসিক কাগমারী সম্মেলনের মাধ্যমেই তৎকালীন পূর্ব পাকিস্তানের স্বায়ত্তশাসন ও স্বাধীকার আন্দোলনের সূচনা হয়। সাম্রাজ্যবাদী-আধিপত্যবাদী শক্তির বিরুদ্ধে এ অঞ্চলের জনগণকে ঐক্যবদ্ধ ও সচেতন করতে এই সম্মেলন গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। কাগমারী সম্মেলনে মওলানা ভাসানী যে গুরুত্বপূর্ণ ও জ্বালাময়ী বক্তব্য দেন তা আজো আমাদের দেশের স্বাধীনতা-সার্বভৌমত্ব, পতাকা-মানচিত্র রক্ষার সংগ্রামে এবং সাম্রাজ্যবাদ-আধিপত্যবাদী শক্তির বিরুদ্ধে সংগ্রাম ও লড়াইয়ে এখনো অনুপ্রেরণা যোগায়।

181. **মুক্তিযুদ্ধকালে কোলকাতার ৮, থিয়েটার রোডে 'বাংলাদেশ বাহিনী' কখন গঠন করা হয়?**

a) এপ্রিল ১০, ১৯৭১ b) এপ্রিল ১১, ১৯৭১
c) এপ্রিল ১২, ১৯৭১ d) এপ্রিল ১৩, ১৯৭১
ans. B

Solution: বাংলাদেশ বাহিনী তথা মুক্তিবাহিনী সর্বপ্রথম আংশিকভাবে গঠিত হয় ১৯৭১ সালের ৪ এপ্রিল তেলিয়াপাড়ায়। ১১ এপ্রিলে বাংলাদেশ বাহিনীকে আরো বর্ধিত করা হয়। কলকাতার ৮ নং থিয়েটার রোডে বাংলাদেশ বাহিনীর সদরদপ্তর স্থাপিত হয়। ১২ এপ্রিল থেকে এই সদরদপ্তর কার্যক্রম শুরু করে। লেফটেন্যান্ট কর্নেল এম.এ রব এবং গ্রুপ ক্যাপ্টেন এ. কে খন্দকারকে যথাক্রমে চীফ অব স্টাফ এবং ডেপুটি চীফ অব স্টাফ নিয়োগ করা হয়।

182. **কোন অনুচ্ছেদ বলে বাংলাদেশের সংবিধান মৌলিক বিধানবলী পরিবর্তনযোগ্য নয়?**

a) অনচ্ছেদ ৭ b) অনুচ্ছেদ ৭(ক)
c) অনুচ্ছেদ ৭(খ) d) অনুচ্ছেদ ৮ ***ans. C***

Recent Publication

VisionApps10

Solution: বাংলাদেশের সংবিধান মৌলিক বিধানবলী পরিবর্তনযোগ্য নয় বলা হয়েছে অনুচ্ছেদ ৭(খ) তে।

অনুচ্ছেদ ৭	সংবিধানের প্রাধান্য
অনুচ্ছেদ ৭(ক)	সংবিধান বাতিল, স্থগিতকরণ ইত্যাদি অপরাধ
অনুচ্ছেদ ৮	মূলনীতিসমূহ

183.**বাংলাদেশের সংবিধানের ত্রয়োদশ সংশোধনীর মূল বিষয় কী ছিল?**

a) বহুদলীয় ব্যবস্থা b) সংসদে মহিলা আসন
c) তত্ত্বাবধায়ক সরকার d) বাকশাল প্রতিষ্ঠা ***ans. C***

Solution: বাংলাদেশের সংবিধানের ত্রয়োদশ সংশোধনীর মূল বিষয় ছিল তত্ত্বাবধায়ক সরকার। উল্লেখ্য, ১৯৯৬ সালের ২৭ মার্চে সংশোধনীর মাধ্যমে সংবিধানে অবাধ ও সুষ্ঠ নির্বাচন অনুষ্ঠানের জন্য নিরপেক্ষ-নির্দলীয় তত্ত্বাবধায়ক সরকার ব্যবস্থা প্রবর্তন করা হয়। আইন বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রী জসিম উদ্দিন সরকার এই সংশোধনীটি উথাপন করেন। এটি ২৬৮-০ ভোটে পাস হয়। রাষ্ট্রপতির অনুমোদন পায় ২৮ মার্চে। উচ্চ আদলতের আদেশে ২০১১ সালে এই সংশোধনীটি বাতিল হয়।

184.**সংবিধানের চেতনার বিপরীতে সামরিক শাসনকে বৈধতা দিতে কোন তফসিলের অপব্যবহার করা হয়?**

a) ৪র্থ তফসিল b) ৫ম তফসিল
c) ৬ষ্ঠ তফসিল d) ৭ম তফসিল ***ans. A***

Solution: সংবিধানের চেতনার বিপরীত সামরীতে সামরিক শাসনকে বৈধতা দিতে ৪র্থ তফসিলের অপব্যবহার করা হয়। বাংলাদেশে সংবিধানে মোট ৭টি তফসিল আছে। এগুলো হলোঃ (১ম) অন্যান্য বিধান সত্ত্বেও কার্যকর আইন; (২য়) বিলুপ্ত); (৩য়) শপথ ও ঘোষণা; (৪র্থ) ক্রান্তিকালীন ও অস্থায়ী বিধানাবলী; (৫ম) ১৯৭১ সালের ৭ই মার্চ তারিখে ঢাকার রেসকোর্স ময়দানে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের দেয়া ঐতিহাসিক ভাষণ; (৬ষ্ঠ) ১৯৭১ সালের ২৫ মার্চ মধ্যরাত শেষে অর্থাৎ ২৬ মার্চ প্রথম প্রহরে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কর্তৃক প্রদত্ত স্বাধীনতার ঘোষণা এবং (৭ম) ১৯৭১ সালের ১০ এপ্রিল তারিখে মুজিবনগর সরকারের জারিকৃত স্বাধীনতা ঘোষণাপত্র।

185.**কোন উপজাতিটির আবাসস্থল 'বিরিশিরি' নেত্রকোনায়?**

a) সাঁওতাল b) গারো
c) খাসিয়া d) মুরং ***ans. B***

Solution: নেত্রকোনার 'বিরিশিরি'তে গারো উপজাতিটির আবাসস্থল। উপজাতীয় কালচারাল একাডেমী নেত্রকোনা জেলার দুর্গাপুর উপজেলার বিরিশিরিতে অবস্থিত। গারো, হাজং, কোচ, বানাই, হদি, মান্দাই ইত্যাদি নৃগোষ্ঠী অনাদিকাল থেকে নিজস্ব জীবন ও সমাজ তথা ভাষা, ধর্ম ও সংস্কৃতি লালন করে বাংলাদেশের উত্তরাঞ্চলীয় জেলাগুলিতে বসবাস করে আসছে। এই সকল নৃগোষ্ঠীর জীবন ও সংস্কৃতির চর্চা, সংরক্ষণ ও উন্নয়নের জন্য ১৯৭৭ সালে উপজাতীয় কালচারাল একাডেমী প্রতিষ্ঠিত হয়। এর প্রথম পরিচালক ছিলেন সিস বিভা সাংমা।

186.**বাংলাদেশের বাণিজ্য ভারসাম্য কীভাবে রক্ষা হয়?**

a) বিশ্ব ব্যাংকের Budgetary support - এর মাধ্যমে
b) IMR -এর Bailout package -এর মাধ্যমে
c) প্রবাসীদের পাঠানো Remittance এর মাধ্যমে
d) IDA credit – এর মাধ্যমে ***ans. C***

Solution: বাণিজ্য ভারসাম্য (Balance of Trade) হচ্ছে কোন দেশের অর্থনীতির একটি নির্দিষ্ট সময়ের মোট রপ্তানি ও মোট আমদানির আর্থিক মূল্যের পার্থক্য। একে নীট রপ্তানীও বলা হয়ে থাকে। প্রকৃতপক্ষে এটি একটি দেশের আমদানি ও রপ্তানির মধ্যকার সম্পর্ক। ইতিবাচক ভারসাম্যকে বাণিজ্য উদ্বৃত্ত বলে যখন আমদানির থেকে রপ্তানি বেশি হয়; নেতিবাচক ভারসাম্যকে বলা হয় বাণিজ্য ঘাটতি যা রপ্তানির থেকে আমদানি বেশি হলে হয়। বাণিজ্য ভারসাম্যকে অনেক সময় পণ্য ও সেবার ভারসাম্য - এ দুই ভাগে ভাগ করা হয়। আসুন এখানে একটি উদাহরণ নেওয়া যাক। মনে করুন যে ২০২০ সালে বাংলাদেশ ১০০ টাকার পণ্য ও পরিষেবাদি আমদানি করেছে। তবে, একই বছরে রফতানি করেছে ৫০ টাকা। এইভাবে, বাণিজ্য ভারসাম্য হবে -৫০ টাকা। অর্থাৎ দেশটি বাণিজ্য ঘাটতির সম্মুখীন হবে।

IMR -এর Bailout package -এর বেইল আউট হলো দেনার দায়ে বা মূলধন সংকটে পড়ে দেউলিয়া হওয়ার পথে কোনো বাণিজ্যিক প্রতিষ্ঠানকে রাষ্ট্র বা আন্তর্জাতিক প্রতিষ্ঠানের তরফে আর্থিক সহায়তা করা। তবে রাষ্ট্রকেও অনেক সময় জাতীয় ব্যয় নির্বাহে বেইল আউটের মাধ্যমে আন্তর্জাতিক অর্থ ও অন্য প্রতিষ্ঠানগুলোর সহায়তা নেওয়ার নজির রয়েছে। আর বাংলাদেশের বাণিজ্য ভারসাম্য রক্ষায় সবচেয়ে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে প্রবাসীদের পাঠানো Remittance এবং অন্যান্য উৎস থেকে আসা বৈদেশিক মুদ্রা।

187.**অধিভুক্ত বাংলার সর্বপ্রথম রাজা কাকে বলা হয়?**

a) অশোক b) শশাঙ্ক
c) মেগদা d) ধর্মপাল ***ans. B***

Solution: অধিভুক্ত বাংলার সর্বপ্রথম রাজা বলা হয় শশাঙ্ককে। সপ্তম শতকে বাংলার ইতিহাসে শশাঙ্ক একটি বিশিষ্ট নাম। প্রাচীন বাংলার ইতিহাসে তিনিই প্রথম গুরুত্বপূর্ণ সার্বভৌম শাসক। রাজা শশাঙ্ক ৫৯৪ খ্রিষ্টাব্দের শুরু দিকে গৌড় অঞ্চলের ক্ষমতা দখল করে স্বাধীন গৌড় রাজ্য প্রতিষ্ঠা করে 'কর্ণসুবর্ণে' রাজধানী স্থাপন করেন।

Recent Publication
visionApps10

উল্লেখ্য, অশোক ছিলেন মৌর্য বংশের তৃতীয় শাসক, যাকে বৌদ্ধ ধর্মের কনস্ট্যানটাইন বলা হয়। রাজা ধর্মপাল ছিলেন পাল বংশের শ্রেষ্ঠ রাজা।

***188.*বঙ্গভঙ্গ রদ কে ঘোষণা করেন?**

a) লর্ড কার্জন b) রাজা পঞ্চম জর্জ
c) লর্ড মাউন্ট ব্যাটেন d) লর্ড ওয়াভেল ***ans.* B**

Solution: বঙ্গভঙ্গ রদ ঘোষণা করেন রাজা পঞ্চম জর্জ। ১৯১১ সালে রাজা পঞ্চম জর্জ ভারত সফরে এসে বঙ্গভঙ্গ রদের ঘোষণা দেন। উল্লেখ্য, ১৯০৫ সালের ১৬ অক্টোবর ভারতে ভাইসরয় লর্ড কার্জন সমগ্র বাংলাকে দুটি প্রদেশে ভাগ করে। একটিতে থাকে পূর্ব বাংলা ও আসাম এবং অন্যটিতে থাকে পশ্চিম বাংলা। বাংলার এ বিভক্তি বঙ্গভঙ্গ নামে পরিচিত।

***189.*ঢাকা শহরের গোড়াপত্তন হয়**

a) ব্রিটিশ আমলে b) সুলতানি আমলে
c) স্বাধীন নবাবী আমলে d) মুঘল আমলে ***ans.* D**

Solution: মুঘল সম্রাট জাহাঙ্গীরের নামানুসারে ঢাকার পূর্বনাম রাখা হয়েছিল জাহাঙ্গীরনগর। ১৬১০ সালে ঢাকা বাংলার প্রথম রাজধানী করা হয়। স্বাধীনতার পূর্বে ৪বার ঢাকা রাজধানীর মর্যাদা পায়। ইসলাম খাঁ ঢাকা বাংলার রাজধানীতে স্থানান্তরিত করেন।

***190.*স্টিভ চেন ও চ্যাড হারলির সাথে যৌথভাবে কোন বাংলাদেশী ইউটিউব (You Tube) প্রতিষ্ঠা করেন?**

a) জাবেদ করিম b) ফজলুল করিম
c) জাওয়াদুল করিম d) মঞ্জুরুল করিম ***ans.* A**

Solution: ২০০৫ সালে পেপ্যাল প্রতিষ্ঠানের তিনজন প্রাক্তন চাকুরীজীবী চ্যাড হারলি, স্টিভ চ্যান এবং বাংলাদেশী বংশোদ্ভূত জাভেদ করিম কর্তৃক ইউটিউব প্রতিষ্ঠিত হয়। উল্লেখ্য, ইউটিউব একটি ভিডিও শেয়ারিং করার ওয়েবসাইট। এটি অত্যন্ত জনপ্রিয় একটি সাইট। এর মাধ্যমে ভিডিও আপলোড, শেয়ার এবং ভিডিও দেখার সুবিধা রয়েছে। তাছাড়া ভিডিও পর্যালোচনা, অভিমত প্রদানসহ আরো অনেক সুবিধা রয়েছে।

***191.*পাকিস্তান কবে বাংলাদেশকে একটি সার্বভৌম রাষ্ট্র হিসেবে স্বীকৃতি দেয়?**

a) ফেব্রুয়ারি ২০, ১৯৭৪
b) ফেব্রুয়ারি ২১, ১৯৭৪
c) ফেব্রুয়ারি ২২, ১৯৭৪
d) ফেব্রুয়ারি ২৩, ১৯৭৪ ***ans.* C**

Solution: পাকিস্তান ২২ ফেব্রুয়ারি, ১৯৭৪ সালে বাংলাদেশকে একটি সার্বভৌম রাষ্ট্র হিসেবে স্বীকৃতি দেয়। ১৯৭৪ সালে লাহোরে অনুষ্ঠিত OIC এর দ্বিতীয় সম্মেলনে বাংলাদেশকে আমন্ত্রণ জানানো হয়। ঐ অনুষ্ঠানের শর্ত হিসেবে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান পাকিস্তানের নিকট থেকে বাংলাদেশকে একটি সার্বভৌম রাষ্ট্র হিসেবে স্বীকৃতি আদায় করে নেন।

***192.*কে বীরশ্রেষ্ঠ নন?**

a) হামিদুর রহমান b) নূর মোহম্মদ শেখ
c) মুন্সী আব্দুর রহিম d) মোস্তফা কামাল ***ans.* C**

Solution: নূর মোহাম্মদ শেখ, হামিদুর রহমান এবং মোস্তফা কামাল সকলে বীরশ্রেষ্ঠ খেতাব প্রাপ্ত। শুধুমাত্র মুন্সী আব্দুর রহিম বীরশ্রেষ্ঠ নন।

বীরশ্রেষ্ঠের নাম	কর্মক্ষেত্র	পদবী
মুন্সী আব্দুর রউফ	রাইফেলস	ল্যান্সনায়েক
মোহাম্মদ মোস্তফা কামাল	সেনাবাহিনী	সিপাহী
মতিউর রহমান	বিমানবাহিনী	ফ্লাইট লেফটেন্যান্ট
নূর মোহাম্মদ শেখ	রাইফেলস	ল্যান্সনায়েক
হামিদুর রহমান	সেনাবাহিনী	সিপাহী
রুহুল আমিন	নৌবাহিনী	ইঞ্জিনরুম অফিসার
মহিউদ্দিন জাহাঙ্গীর	সেনাবাহিনী	ক্যাপ্টেন

***193.*বাংলাদেশে প্রথম সাধারণ নির্বাচন কখন অনুষ্ঠিত হয়?**

a) ৭ মার্চ ১৯৭৩ b) ১৭ মার্চ ১৯৭৩
c) ২৭ মার্চ ১৯৭৩ d) ৭ মার্চ ১৯৭৪ ***ans.* A**

Solution: স্বাধীন বাংলাদেশে প্রথম সাধারণ নির্বাচন অনুষ্ঠিত হয় ৭ মার্চ ১৯৭৩ সালে। জাতীয় সংসদের সংরক্ষিত মহিলা আসনসহ ৩১৫টি আসনের মধ্যে আওয়ামী লীগ ৩০৬, জাতীয় সমাজতান্ত্রিক দল (জাসদ) ২টি, বাংলাদেশ জাতীয় লীগ ১টি এবং স্বতন্ত্র সদস্যরা ৬টি আসনে জয়লাভ করে। বঙ্গবন্ধুর নেতৃত্বে ১৯৭৩ এর ১৬ মার্চ নতুন মন্ত্রিসভা গঠিত হয়।

***194.*প্রান্তিক হ্রদ কোন জেলায় অবস্থিত?**

a) রাঙ্গামাটি b) খাগড়াছড়ি
c) বান্দরবান d) সিলেট ***ans.* C**

Solution: প্রান্তিক হ্রদটি অবস্থিত হলুদিয়া, বান্দরবানে।

হ্রদের নাম	আয়তন	অবস্থান
প্রান্তিক লেক	২৫ একর	হলুদিয়া, বান্দরবান
বগা লেক	১৫ একর	রুমা, বান্দরবান
কাপ্তাই লেক	১,৭২২ বর্গকিমি	কাপ্তাই, রাঙামাটি
ফয়'স লেক	৩৩৬ একর	খুলশী, চট্টগ্রাম
মহামায়া লেক	১১ বর্গকিমি	মীরসরাই, চট্টগ্রাম
মহালছড়ি হ্রদ		খাগড়াছড়ি
মাধবপুর লেক		কমলগঞ্জ, মৌলভীবাজার

***195.*লাহোরে অনুষ্ঠিত OIC শীর্ষ সম্মেলনে বঙ্গবন্ধু কবে যোগদান করেন?**

a) ২০-২১ ফেব্রুয়ারি ১৯৭৪
b) ২৩-২৪ ফেব্রুয়ারি ১৯৭৪
c) ২৫-২৬ ফেব্রুয়ারি ১৯৭৪
d) ২৭-২৮ ফেব্রুয়ারি ১৯৭৪ ***ans.* B**

Recent Publication

VisionApps10

Solution: বঙ্গবন্ধু লাহোরে অনুষ্ঠিত OIC শীর্ষ সম্মেলনে যোগদান করেন ২৩-২৪ ফেব্রুয়ারি ১৯৭৪। আর OIC (Organisation of Islamic Cooperation বা ইসলামী সহযোগিতা সংস্থা) ২য় শীর্ষ সম্মেলন অনুষ্ঠিত হয় ২২ থেকে ২৪ ফেব্রুয়ারি ১৯৭৪ সালে।

***196.*বাংলাদেশ জাতীয় সংসদের প্রথম সংসদ নেতা কে?**

a) বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান
b) মোহাম্মদউল্লাহ
c) তাজউদ্দিন আহমেদ
d) ক্যাপ্টেন এম মনসুর আলী ***ans.* A**

Solution: বাংলাদেশ জাতীয় সংসদের প্রথম সংসদ নেতা হলেন বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান।

***197.*সংবিধানের কোন অনুচ্ছেদের আলোকে বাংলাদেশের বৈদেশিক নীতি পরিচালিত নয়?**

a) অনুচ্ছেদ ২২ b) অনুচ্ছেদ ২৩
c) অনুচ্ছেদ ২৪ d) অনুচ্ছেদ ২৫ ***ans.* D**

Solution: দ্বিতীয় ভাগঃ রাষ্ট্র পরিচালনার মূলনীতি

অনুচ্ছেদ ২২	নির্বাহী বিভাগ হইতে বিচার বিভাগের পৃথকীকরণ
অনুচ্ছেদ ২৩	জাতীয় সংস্কৃতি
অনুচ্ছেদ ২৩ (ক)	উপজাতি, ক্ষুদ্র জাতিসত্তা, নৃ-গোষ্ঠী ও সম্প্রদায়ের সংস্কৃতি
অনুচ্ছেদ ২৪	জাতীয় স্মৃতিনিদর্শন প্রভৃতি
অনুচ্ছেদ ২৫	আন্তর্জাতিক শান্তি, নিরাপত্তা ও সংহতির উন্নয়ন

***198.*বাংলাদেশের সর্বদক্ষিণে কোনটি অবস্থিত?**

a) দক্ষিণ তালপট্টি b) সেন্টমার্টিন
c) নিঝুম দ্বীপ d) ভোলা ***ans.* B**

Solution: বাংলাদেশের সবচেয়ে দক্ষিণের স্থান সেন্টমার্টিন।
বাংলাদেশের সবচেয়ে উত্তরের স্থান বাংলাবান্ধা।
বাংলাদেশের সবচেয়ে পশ্চিমের স্থান মনাকশা।
বাংলাদেশের সবচেয়ে পূর্বের স্থান হলো আখাইনঠং।

***199.*বাংলাদেশের সীমান্তবর্তী ভারতের রাজ্য কয়টি?**

a) ৩টি b) ৪টি
c) ৫টি d) ৬টি ***ans.* C**

Solution: বাংলাদেশের সীমান্তবর্তী ভারতের রাজ্য ৫টি। এগুলো হলোঃ মেঘালয়, আসাম, পশ্চিমবঙ্গ, ত্রিপুরা এবং মিজোরাম।

***200.*কোন বীরশ্রেষ্ঠের দেহাবশেষ বাংলাদেশে এনে বীরশ্রেষ্ঠ মতিউর রহমানের কবরের পাশে সমাহিত করা হয়?**

a) সিপাহী মোস্তফা কামাল
b) ল্যান্স নায়েক মুন্সি আবদুর রউফ
c) ল্যান্স নায়েক নূর মোহাম্মাদ শেখ
d) সিপাহী হামিদুর রহমান ***ans.* D**

Solution: সিপাহী হামিদুর রহমানকে বীরশ্রেষ্ঠ মতিউর রহমানের কবরের পাশে সমাহিত করা হয়। মোহাম্মদ হামিদুর রহমান বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধে অংশগ্রহণকারী একজন শহীদ মুক্তিযোদ্ধা। সাতজন শ্রেষ্ঠ বীরদের অন্যতম। বাংলাদেশের সর্বোচ্চ সামরিক সম্মান 'বীরশ্রেষ্ঠ' উপাধিতে ভূষিত তিনি বীরশ্রেষ্ঠ সিপাহী হামিদুর রহমান। তিনি বীরশ্রেষ্ঠদের মাঝে সর্বকনিষ্ঠ। মুক্তিযুদ্ধের সময় তার বয়স ছিল মাত্র ১৮ বছর।

হামিদুর রহমানের মৃতদেহ সীমান্তের অল্প দূরে ভারতীয় ভূখণ্ডে ত্রিপুরা রাজ্যের হাতিমেরছড়া গ্রামের স্থানীয় এক পরিবারের পারিবারিক গোরস্থানে দাফন করা হয়। নীচু স্থানে অবস্থিত কবরটি এক সময় পানির তলায় তলিয়ে যায়। ২০০৭ সালের ১০ ডিসেম্বর বাংলাদেশ রাইফেলসের একটি দল ত্রিপুরা সীমান্তে হামিদুর রহমানের দেহাবশেষ গ্রহণ করে এবং ১১ ডিসেম্বর রাষ্ট্রীয় মর্যাদায় বীরশ্রেষ্ঠ হামিদুর রহমানকে ঢাকার বুদ্ধিজীবী কবরস্থানে সমাহিত করে।

Recent Publication

visionApps10